# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

Chaitra 25, 1432 Bangla, April 08, 2026, Wednesday, No. 95, 56th year

# H I G H L I G H T S

Power, Energy and Mineral Resources Minister Iqbal Hasan Mahmud Tuku has said, 245,543 metric tons of petrol, diesel and octane will be imported this month. (Jago FM: 13)

Shop Owners Association has requested the government to give facilities to keep shops and shoping malls open from 12 noon to 9 pm across the country. (Jago FM: 13)

Road Transport and Bridges Minister Sheikh Rabiul Alam has informed that the government will construct 11-kilometer-long bridge between Bhola and Barisal for road connectivity. (Jago FM: 15)

Indian External Affairs Minister Dr. S. Jaishankar, the Minister of Petroleum and Natural Gas, and the Minister of Commerce & Industry will hold meetings with visiting Bangladesh Foreign Minister Dr. Khalilur Rahman today. (Jago FM: 15)

11 people died from measles and measles-like symptoms in past 24 hours till yerterday in the country. (Jago FM: 14)

A Dhaka court has rejected the remand plea for former speaker of Jatiyo Sangsad Shirin Sharmin Chaudhury and ordered to send her to jail in a case filed over the alleged attempted murder. (BBC: 03)

Customs Intelligence & Investigation Directorate have seized 299,400 packets of illegal cigarettes worth around Tk 5.988 million in a raid at Hazrat Shahjalal International Airport in Dhaka. (Jago FM: 14)

US and Iran have agreed to a conditional two-week ceasefire. (BBC: 04)

Oil prices have started to fall in global market as Washington and Tehran agree to the ceasefire. (BBC: 04)

**Director: 44813046** **Deputy News Controller: 44813048 44813179** **Assistant News Controller: 44813047 44813178**

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**চৈত্র ২৫, বাংলা ১৪৩২, এপ্রিল ০৮, ২০২৬, বুধবার, নং- ৯৫, ৫৬তম বছর**

# শিরোনাম

চলতি মাসেই ২ লাখ ৪৫ হাজার ৫৪৩ মেট্রিক টন পেট্রোল, ডিজেল ও অকটেন আমদানি করা হবে বলে জানিয়েছেন বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রী ইকবাল হাসান মাহমুদ টুকু। (জাগো এফএম: ১৩)

সরকারের কাছে দুপুর ১২ থেকে রাত ৯টা পর্যন্ত সারা দেশে দোকান ও শপিংমল খুলে রাখার অনুমতি চেয়েছে দোকান ব্যবসায়ী মালিক সমিতি। (জাগো এফএম: ১৩)

ভোলা ও বরিশালের মধ্যে সড়ক পথে যোগাযোগ স্থাপনের লক্ষ্যে প্রায় ১১ কিলোমিটার দীর্ঘ সেতু নির্মাণের কথা জানিয়েছেন সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী শেখ রবিউল আলম। (জাগো এফএম: ১৫)

ভারতের পররাষ্ট্র মন্ত্রী ড. এস জয়শঙ্করসহ পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস বিষয়ক মন্ত্রী ও বাণিজ্য মন্ত্রীর সঙ্গে আজ বৈঠক করবেন নতুন দিল্লী সফররত বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রী ড. খলিলুর রহমান । (জাগো এফএম: ১৫)

গতকাল পর্যন্ত ২৪ ঘণ্টায় সারা দেশে হাম ও হামের লক্ষণ নিয়ে ১১ রোগীর মৃত্যু। (জাগো এফএম: ১৪)

হত্যা চেষ্টা মামলায় গ্রেফতার জাতীয় সংসদের সাবেক স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর রিমান্ড নাকচ করে তাকে কারাগারে পাঠানোর আদেশ দিয়েছে ঢাকার একটি বিচারিক আদালত। (বিবিসি: ০৩)

ঢাকায় হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে অভিযান চালিয়ে প্রায় ৫৯ লাখ ৮৮ হাজার টাকার ২ লাখ ৯৯ হাজার ৪০০ প্যাকেট অবৈধ সিগারেট জব্দ করেছে কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর। (জাগো এফএম: ১৪)

শর্ত সাপেক্ষে দুই সপ্তাহের যুদ্ধবিরতিতে সম্মত যুক্তরাষ্ট্র ও ইরান। (বিবিসি: ০৪)

ওয়াশিংটন ও তেহরান যুদ্ধ বিরতিতে সম্মত হওয়ায় বিশ্ববাজারে কমতে শুরু করেছে জ্বালানি তেলের দাম। (বিবিসি: ০৪)

# বিবিসি

## রিমান্ড নাকচ করে শিরীন শারমিনকে কারাগারে পাঠিয়েছেন আদালত

বৈষম্যবিরোধী আন্দোলনের সময়ের ঢাকার লালবাগ থানার হত্যাচেষ্টা মামলায় গ্রেফতার, বাংলাদেশের জাতীয় সংসদের সাবেক স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর রিমান্ড নাকচ করে তাকে কারাগারে পাঠানোর আদেশ দিয়েছেন ঢাকার একটি বিচারিক আদালত। এর আগে, মামলার তদন্ত কর্মকর্তা ডিবি পুলিশের পরিদর্শক মোহসীন উদ্দীন শিরীন শারমিন চৌধুরীকে কারাগারে আটক রাখার আবেদন করেন। আজ মঙ্গলবার দুপুরে, তাকে চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতে আনা হয়। কারাগারে রাখার আবেদনে তদন্ত কর্মকর্তা বলেন, শিরীন শারমিন চৌধুরীকে জিজ্ঞাসাবাদে কিছু তথ্য পাওয়া গেছে, যা যাচাই-বাছাই করা হচ্ছে। আসামি জামিনে মুক্তি পেলে চিরতরে পলাতক হওয়ার সম্ভাবনা আছে। এই অবস্থায় মামলার সুষ্ঠু ও নিরপেক্ষ তদন্তের স্বার্থে তদন্ত শেষ না হওয়া পর্যন্ত তাকে জেল হাজতে আটকে রাখা প্রয়োজন। পরে এই আবেদনের শুনানির সময় দুইদিন তাকে রিমান্ডে নিয়ে জিজ্ঞাসাবাদের আবেদন করা হয়। তবে, শুনানি শেষে রিমান্ড আবেদন নামঞ্জুর করে শিরীন শারমিনকে কারাগারে পাঠানোর আদেশ দেওয়া হয়। মামলার অভিযোগে বলা হয়েছে, ২০২৪ সালের ১৮ জুলাই কোটা আন্দোলন চলাকালে আজিমপুর সরকারি কলোনির ভেতরে ছাত্র-জনতার একটি শান্তিপূর্ণ মিছিলে হামলার ঘটনা ঘটে, যা সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার আদেশে এবং মামলার অন্যান্য আসামিদের পরিকল্পনা ও নির্দেশে চালানো হয়। এই মামলার তিন নম্বর আসামি হিসেবে শিরীন শারমিন চৌধুরীর নাম উল্লেখ করা হয়েছে। মঙ্গলবার ভোর ৪টার দিকে ঢাকার ধানমন্ডি এলাকা থেকে শিরীন শারমিন চৌধুরীকে আটক করা হয়। পরে তাকে ঢাকার মিন্টো রোডে অবস্থিত ডিবি কার্যালয়ে নেওয়া হয়।
(বিবিসি ওয়েব পেজ: ০৭.০৪.২০২৬ এলিনা)

## সংসদে একাধিক বিল পাস

অন্তর্বর্তী সরকারের জারি করা অধ্যাদেশগুলোকে আইনে রূপান্তরের লক্ষ্যে পানি সম্পদ, আইন, বিচার ও সংসদ বিষয়ক এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়-সম্পর্কিত একাধিক বিল আজ জাতীয় সংসদে পাস হয়েছে। বিলগুলোর ওপর ধারা অনুযায়ী কোনো সংশোধনী প্রস্তাব না থাকায় সংসদে এ বিষয়ে আলোচনা হয়নি। সংশ্লিষ্ট মন্ত্রীরা বিলগুলো উত্থাপন করলে কণ্ঠভোটে সরাসরি সেগুলো পাস হয়। অন্তর্বর্তী সময়ে জারি করা মোট ১৩৩টি অধ্যাদেশের মধ্যে সংসদের বিশেষ কমিটি ৯৮টি অপরিবর্তিতভাবে এবং ১৫টি সংশোধনসহ পাসের সুপারিশ করে। বাকি ২০টির মধ্যে ৪টি বাতিল এবং ১৬টি আরও শক্তিশালী করে নতুন বিল আকারে আনার সুপারিশ করা হয়। আজ পাস হওয়া বিলগুলোর ক্ষেত্রে বিশেষ কমিটি এগুলোকে অপরিবর্তিতভাবে পাসের সুপারিশ করেছিল। পাস হওয়া বিলগুলোর মধ্যে রয়েছে 'বাংলাদেশ হাওর ও জলাভূমি সংরক্ষণ বিল, ২০২৬', ফৌজদারি কার্যবিধি (সংশোধন) বিল, ২০২৬', 'দেওয়ানি আদালত (সংশোধন) বিল, ২০২৬', 'আন্তর্জাতিক অপরাধ (ট্রাইব্যুনাল) (সংশোধন) বিল, ২০২৬', 'রেজিস্ট্রেশন (সংশোধন) বিল, ২০২৬', 'বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় (সংশোধন) বিল, ২০২৬', 'শেখ হাসিনা মেডিকেল বিশ্ববিদ্যালয়, খুলনা (সংশোধন) বিল, ২০২৬' এবং 'ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) (সংশোধন) বিল'।
(বিবিসি ওয়েব পেজ: ০৭.০৪.২০২৬ এলিনা)

## সরকার বিরোধী পোস্ট দিয়ে গ্রেফতার সাওদা সুমির জামিন

সরকার বিরোধী পোস্ট দিয়ে ভোলায় গ্রেফতার হওয়া জামায়াতে ইসলামীর নারী কর্মী সাওদা সুমিকে জামিন দিয়েছেন আদালত। বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ও বিরোধীদলীয় নেতা শফিকুর রহমানের বরাতে দলটির ভেরিফায়েড অফিসিয়াল ফেসবুক পেজ থেকে খবরটি জানানো হয়। কোর্ট হাজত থেকে বের হওয়ার সময় তাকে জামায়াত ও অঙ্গ সংগঠনের নেতা-কর্মীরা ফুল দিয়ে বরণ করে নেন। এর আগে, সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে সরকারবিরোধী পোস্ট দেওয়ার অভিযোগে রোববার রাতে ভোলা পৌরসভার নিজ বাসা থেকে তাকে আটক করে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী। পরদিন তাকে ৫৪ ধারায় গ্রেফতার দেখিয়ে আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়।(বিবিসি ওয়েব পেজ: ০৭.০৪.২০২৬ এলিনা)

## বিসিবির পরিচালনা পর্ষদ ভেঙে তামিম ইকবালের নেতৃত্বে অ্যাডহক কমিটি গঠন

বিসিবির বর্তমান পরিচালনা পর্ষদ ভেঙে দিয়ে ১১ সদস্যের অ্যাডহক কমিটি গঠন করেছে জাতীয় ক্রীড়া পরিষদ (এনএসসি)। কমিটির প্রধান করা হয়েছে তামিম ইকবালকে। এই কমিটির মেয়াদ হবে তিনমাস। আজ বিকেলে এক সংবাদ সম্মেলনে এনএসসির ক্রীড়া পরিচালক আমিনুল এহসান এ কথা জানিয়েছেন। কমিটির অন্য সদস্যরা হলেন- ফাহিম সিনহা, রফিকুল ইসলাম বাবু, সালমান ইস্পাহানি, তানজিল চৌধুরী, আতহার আলী খান, মিনহাজুল আবেদীন নান্নু, ইসরাফিল খসরু, সৈয়দ ইব্রাহিম আহমেদ, মির্জা ইয়াসির আব্বাস ও রাশনা ইমাম। আমিনুল ইসলাম এহসান বলেন, "পুরো কমিটির তথ্য বাস্তবায়িত হিসেবেই বিবেচনা করতে হবে। কারণ আমরা ইতোমধ্যে সবগুলো বিষয় উল্লেখ করে আইসিসিকে কমিটি ভেঙে দেওয়ার সিদ্ধান্তটি জানিয়েছি এবং একইসাথে অ্যাডহক কমিটি গঠনের সিদ্ধান্ত জানানো হয়েছে। "যে সকল অনিয়মের কারণে কমিটি ভেঙে দেওয়া হয়েছে এবং যে কারণে নতুন কমিটি গঠন করা হয়েছে, আইসিসি তাতে একমত থাকবে বলে আশাবাদ ব্যক্ত করেন তিনি। গত ৬ অক্টোবর নির্বাচনের মাধ্যমে বিসিবির

সর্বশেষ বোর্ড গঠিত হয়েছিল, যার সভাপতি নির্বাচিত হয়েছিলেন আমিনুল ইসলাম বুলবুল। নির্বাচনের আগে তৎকালীন উপদেষ্টা আসিফ মাহমুদ সজীব ভুঁইয়া ও বিএনপি নেতা ইশরাক হোসেনের দ্বন্দ্বের বিষয় সামাজিক আলোচনা তৈরি করেছিল।(বিবিসি ওয়েব পেজ: ০৭.০৪.২০২৬ এলিনা)

**শর্তসাপেক্ষে যুদ্ধবিরতিতে সম্মত হয়েছে যুক্তরাষ্ট্র ও ইরান, কমতে শুরু করেছে তেলের দাম**

রাতভর ব্যাপক উদ্বেগ ও উৎকণ্ঠার পর অবশেষে শর্তসাপেক্ষে দুই সপ্তাহের যুদ্ধবিরতিতে সম্মত হয়েছে যুক্তরাষ্ট্র ও ইরান। এই খবরে বিশ্ববাজারে তেলের দাম কমতে শুরু করেছে।

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেছেন, যুদ্ধবিরতি তখনই কার্যকর হবে যখন ইরান আন্তর্জাতিক জাহাজগুলোকে 'সম্পূর্ণ ও নিরাপদভাবে' চলাচলের জন্য হরমুজ প্রণালি খুলে দিবে।

যুদ্ধবিরতির আলোচনায় মধ্যস্থতা করেছেন পাকিস্তানের প্রধানমন্ত্রী শাহবাজ শরীফ।

যুক্তরাষ্ট্রের শর্ত মেনে ইরান হরমুজ প্রণালি খুলে দিতে রাজি হয়েছে জানিয়ে মি. শরীফ বলেছেন, অবিলম্বে যুদ্ধবিরতি কার্যকর হবে।

"আমি অত্যন্ত বিনয়ের সঙ্গে ঘোষণা করছি যে, ইসলামী প্রজাতন্ত্র ইরান ও মার্কিন যুক্তরাষ্ট্র এবং তাদের মিত্ররা লেবাননসহ সর্বত্র যুদ্ধবিরতিতে সম্মত হয়েছে, যা অবিলম্বে কার্যকর হবে," বলেছেন মি. পাকিস্তানের প্রধানমন্ত্রী শাহবাজ শরীফ। (বিবিসি ওয়েব পেজ: ০৮.০৪.২০২৬)

**বুধবার ৫১ হাজার টন অকটেন ও ফার্নেস অয়েল নিয়ে চট্টগ্রাম বন্দরে আসছে দুটি জাহাজ**

দেশের জ্বালানি চাহিদা মেটাতে আমদানি করা হচ্ছে অকটেন ও ফার্নেস অয়েলের আরও দুটি চালান। জ্বালানি সরবরাহ স্বাভাবিক রাখতে মালয়েশিয়া থেকে মোট ৫১ হাজার মেট্রিক টন অকটেন ও ফার্নেস অয়েল নিয়ে দুটি জাহাজ চট্টগ্রাম বন্দরের পথে রয়েছে। বুধবার, ৮ এপ্রিল জাহাজ দুটি চট্টগ্রাম বন্দরের বহির্নোঙরে পৌঁছানোর কথা রয়েছে। আজ মঙ্গলবার বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশনের (বিপিসি) সহকারী ব্যবস্থাপক (গণসংযোগ) ফারজিন হাসান মৌমিতা গণমাধ্যমকে বিষয়টি নিশ্চিত করেছেন। খবর রাষ্ট্রীয় বার্তা সংস্থা বাসস-এর। বিপিসি সূত্র জানায়, মালয়েশিয়া থেকে প্রায় ২৬ হাজার টন পরিশোধিত অকটেন নিয়ে আসছে 'এমটি সেন্ট্রাল স্টার' নামের জাহাজ। আইসল্যান্ডের পতাকাবাহী এই জাহাজটি আগামী বুধবার চট্টগ্রাম বন্দরের বহির্নোঙরে পৌঁছানোর কথা রয়েছে। এর আগে, গত ৩ এপ্রিল জাহাজটি মালয়েশিয়া থেকে রওয়ানা দেয়। বর্তমানে আন্দামান সাগরে অবস্থান করছে। একই দিনে মালয়েশিয়া থেকে ২৫ হাজার মেট্রিক টন ফার্নেস অয়েল নিয়ে 'এমটি ইস্টার্ন কুইন্স' নামের একটি জাহাজও দেশে আসছে। অন্যদিকে, এলপিজি ও এলএনজি বহনকারী আরও দুটি জাহাজ ইতোমধ্যে চট্টগ্রাম বন্দরে পৌঁছেছে। নাইজেরিয়া থেকে আসা 'কুল ভয়েজার' জাহাজে রয়েছে এলএনজি, যার স্থানীয় এজেন্ট ইন্টারপোর্ট। এছাড়া, চীন থেকে এলপিজি নিয়ে এসেছে 'গ্যাস জার্নি' নামের জাহাজটি, যার স্থানীয় এজেন্ট ইউনাইটেড শিপিং। খালাস শেষে জাহাজ দুটি বুধবার বন্দর ত্যাগ করবে বলে জানা গেছে।(বিবিসি ওয়েব পেজ: ০৭.০৪.২০২৬ এলিনা)

**হাম ও হামের লক্ষণ নিয়ে একদিনে ১১ রোগীর মৃত্যু**

আজ মঙ্গলবার, ৭ এপ্রিল সকাল ৮টা পর্যন্ত ২৪ ঘণ্টায় সারা দেশে হাম ও লক্ষণ নিয়ে ১১ রোগীর মৃত্যু হয়েছে। এছাড়া, এ সময়ের মাঝে নতুন করে এক হাজার ২৩৬ জন হামের লক্ষণ নিয়ে হাসপাতালে ভর্তি হয়েছে। স্বাস্থ্য অধিদপ্তরের সমন্বিত নিয়ন্ত্রণ কেন্দ্র থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে আজ এসব তথ্য জানানো হয়েছে। এতে বলা হয়েছে, গত ২৪ ঘণ্টায় সন্দেহজনক হামে আক্রান্ত হয়ে মারা গেছে ১০ জন। একই সময়ে নিশ্চিতভাবে হামে আক্রান্ত হয়ে মৃত্যু হয়েছে, এমন রোগীর সংখ্যা ছিল একজন। গত ১৫ মার্চ থেকে আজ অবধি সন্দেহজনক হামে মোট মৃত্যু দাঁড়িয়েছে ১২৮। আর এই সময়ে নিশ্চিত হামে মৃত্যু হয়েছে মোট ২১ জনের।

(বিবিসি ওয়েব পেজ: ০৭.০৪.২০২৬ এলিনা)

**পররাষ্ট্রমন্ত্রীর ভারত সফরের মধ্যদিয়ে কী অর্জন করতে চায় বিএনপি সরকার**

**বাংলাদেশে তারেক রহমানের নেতৃত্বে বিএনপি সরকার গঠিত হওয়ার পর, মঙ্গলবার প্রথমবারের মতো ভারত সফরে যাচ্ছেন পররাষ্ট্রমন্ত্রী খলিলুর রহমান। অন্তর্বর্তী সরকারের দেড় বছরে দিল্লির সঙ্গে সম্পর্কে যে 'টানাপড়েন' লক্ষ্য করা যাচ্ছিল, এই সফরের মাধ্যমে সেটির অবসান ঘটিয়ে দু'দেশের সম্পর্ক পুনরায় স্বাভাবিক করতে চায় ঢাকা। একইসঙ্গে, দ্বিপাক্ষিক সম্পর্ক এগিয়ে নেওয়ার ক্ষেত্রে ভারত যেন জুলাই গণ-অভ্যুত্থান পরবর্তী বাংলাদেশের বাস্তবতা মাথায় রাখে, সেই বার্তাও দিতে চায় বিএনপি সরকার। "হাসিনার আর ভারতের সম্পর্ক তো আর হবে না। হাসিনা তো বাংলাদেশে নন এক্সিসটেন্ট, রাজনৈতিকভাবে মরে গেছে আজকে প্রায় অনেকদিন হয়ে গেছে, হাসিনা আর আওয়ামী লীগ বলতে বাংলাদেশে কিচ্ছু নাই। সো, এটা হচ্ছে একটা নিউ সম্পর্ক বিটুইন বাংলাদেশ অ্যান্ড ইন্ডিয়া," সোমবার**

সাংবাদিকদের বলেছেন প্রধানমন্ত্রীর পররাষ্ট্র বিষয়ক উপদেষ্টা হুমায়ুন কবির। মি. কবির নিজেও পররাষ্ট্রমন্ত্রীর সফরসঙ্গী হিসেবে দিল্লিতে যাচ্ছেন। প্রায় ৪৮ ঘণ্টার সফরকালে ভারতের পররাষ্ট্রমন্ত্রী এস জয়শঙ্করসহ একাধিক মন্ত্রীর সঙ্গে বৈঠক হওয়ার কথা রয়েছে বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রীর। সেখানে পারস্পরিক সম্পর্ক উন্নয়নের মাধ্যমে দুই দেশের বাণিজ্যিক সম্পর্ক আরও সম্প্রসারণ, জ্বালানি সংকট মোকাবিলায় পারস্পরিক সহযোগিতা বৃদ্ধি, ভিসা সমস্যার সমাধান, সীমান্ত হত্যা বন্ধ, গঙ্গার পানিবণ্টন চুক্তি নবায়নসহ আরও বেশকিছু বিষয়ে আলোচনা হতে পারে বলে দুই দেশের পররাষ্ট্র মন্ত্রণালয় সূত্রে জানতে পেরেছে বিবিসি বাংলা। ভারত সফর শেষে ভারতীয় পররাষ্ট্রমন্ত্রীর সাথে একই ফ্লাইটে বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রীর মরিশাস যাওয়ারও কথা রয়েছে।

পররাষ্ট্রমন্ত্রীর এই সফরকে ভারত ও বাংলাদেশের 'পরস্পরকে বোঝার সফর' বলে বর্ণনা করছেন বিশ্লেষকদের কেউ কেউ। এর মাধ্যমে আগামীতে দুই দেশের প্রধানমন্ত্রীর সরাসরি সাক্ষাতের পথ প্রশস্ত হতে পারে বলেও ধারণা করছেন তারা। "বিশেষ করে যেহেতু নতুন প্রধানমন্ত্রী বাংলাদেশে, সেই জায়গা থেকে স্বাভাবিকভাবেই তার ভারত সফর নিয়ে দুই পক্ষের মধ্যে আলোচনা হতে পারে," বিবিসি বাংলাকে বলছিলেন আন্তর্জাতিক সম্পর্ক বিশ্লেষক অধ্যাপক ড. ইমতিয়াজ আহমেদ।

কার কার সঙ্গে বৈঠক?

দিল্লিভিত্তিক গবেষণা প্রতিষ্ঠান 'ইন্ডিয়া ফাউন্ডেশনের' আয়োজনে আগামী ১১ এপ্রিল মরিশাসের রাজধানী পোর্ট লুইসে অনুষ্ঠিত হতে যাচ্ছে 'ইন্ডিয়ান ওশান কনফারেন্স' অনুষ্ঠিত হতে যাচ্ছে। দুইদিনব্যাপী চলা এই সম্মেলনে বাংলাদেশ থেকে অংশ নিতে যাচ্ছেন পররাষ্ট্রমন্ত্রী খলিলুর রহমান। পোর্ট লুইসে যাওয়ার আগে তিনি ৪৮ ঘণ্টার জন্য ভারতে অবস্থান করবেন। "সেই হিসেবে এই সফরকে একটা ট্রানজিট সফরও বলা যেতে পারে," বলছিলেন সাবেক রাষ্ট্রদূত এম হুমায়ুন কবির। বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয়ের তথ্যমতে, পররাষ্ট্রমন্ত্রী মি. রহমান মঙ্গলবার বিকেলে ভারতের উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করবেন। দিল্লিতে পৌঁছানোর পর এদিন ভারতের জাতীয় নিরাপত্তা উপদেষ্টা অজিত দোভালের সঙ্গে বৈঠক করবেন পররাষ্ট্রমন্ত্রী খলিলুর রহমান। পরের দিন বুধবার ভারতের পররাষ্ট্রমন্ত্রী এস জয়শঙ্করের সঙ্গে বৈঠকে বসার কথা রয়েছে মি. রহমানের। সফরকালে মোদি সরকারের পেট্রোলিয়াম মন্ত্রী হারদীপ সিং পুরীর সঙ্গেও বৈঠক করার কথা রয়েছে বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রীর। ভারতের বাণিজ্যমন্ত্রী পীযূষ গোয়েলের সঙ্গেও মি. রহমানের আলাদা একটি বৈঠক হতে পারে, তবে সেটি এখনও নিশ্চিত নয় বলে জানতে পেরেছে বিবিসি। একের পর এক এসব বৈঠক শেষে বৃহস্পতিবার সকালে খলিলুর রহমান পোর্ট লুইসের উদ্দেশ্যে দিল্লি ত্যাগ করবেন বলে জানিয়েছেন পররাষ্ট্র মন্ত্রণালয়ের কর্মকর্তারা। খলিলুর রহমান ভারতের পররাষ্ট্রমন্ত্রী এস জয়শংকরের সঙ্গে একই বিমানে চেপে মরিশাসে যাচ্ছেন বলে জানা যাচ্ছে। ফলে, এয়ার মরিশাসের ওই বাণিজ্যিক বিমানে একটানা সাত-আট ঘণ্টার ওই দীর্ঘ সফরেও দুই পররাষ্ট্রমন্ত্রীর মধ্যে একান্তে কথাবার্তা বলার বিস্তর সুযোগ থাকবে।

'মন খুলে' আলোচনা চায় ঢাকা

বিএনপি সরকারের ক্ষমতা গ্রহণের মাস দেড়েকের মাথায় পররাষ্ট্রমন্ত্রী খলিলুর রহমানের ভারত সফরকে দুই দেশের সম্পর্ক এগিয়ে নেওয়ার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ বলে বিবেচনা করা হচ্ছে।

বিশেষ করে, শেখ হাসিনা ক্ষমতাচ্যুত হওয়ার পর বাংলাদেশ-ভারত দ্বিপাক্ষিক সম্পর্কে যে 'টানাপড়েন ও দূরত্ব' তৈরি হয়েছে, সেটি কমিয়ে আনার জন্য 'মন খুলে' আলোচনা করতে চায় ঢাকা। "আমরা এটা যত ওপেন এবং ক্লিয়ারলি এনগেজমেন্ট অ্যান্ড ডায়ালগ থাকবে, তত সাম অব দি চ্যালেঞ্জিং ইস্যুস ইউ মে বি অ্যাবল টু রিসলভ," সাংবাদিকদের বলেন প্রধানমন্ত্রী তারেক রহমানের পররাষ্ট্র বিষয়ক উপদেষ্টা হুমায়ুন কবির। তিনি আরও বলেন, "ফিউচারে আমরা কীভাবে কোলাবোরেট করতে পারি। পিপল টু পিপল সম্পর্ক করতে পারি। যাতে ইউ ডোন্ট কমিট দি মিসটেক অব দি পাস্ট, হোয়্যার ইট ইজ সোললি সম্পর্কটা ভারতের যাতে কোনো ব্যক্তির সাথে না হয়ে যায়, কীভাবে আগামীতে সম্পর্ক এগিয়ে নিতে কিছু কিক স্টার্ট করা যায়, সেটি নিয়ে আলোচনা হবে।" বাংলাদেশ বা ভারত- কোনোপক্ষ থেকেই এখনও সফরে আলোচনার বিষয়বস্তু সম্পর্কে আনুষ্ঠানিকভাবে কিছু জানানো হয়নি। তবে দ্বিপাক্ষিক বৈঠকগুলোতে অতীতের অমীমাংসিত বিষয়গুলোর পাশাপাশি সাম্প্রতিক অনেক ইস্যুও আলোচনায় থাকবে বলে ধারণা করছেন বিশ্লেষকরা। "ভারতের কাছ থেকে বাংলাদেশ ইতোমধ্যেই পাইপলাইনের মাধ্যমে কিছু পরিমাণ ডিজেল কিনেছে। জ্বালানি সংকট মোকাবিলায় সামনে ভারত আরও কীভাবে সহযোগিতা করতে পারে, সেটি এই বৈঠকের আলোচনায় বিশেষ গুরুত্ব পাবে বলে আমার ধারণা," বলছিলেন আন্তর্জাতিক সম্পর্ক বিশ্লেষক অধ্যাপক ড. ইমতিয়াজ আহমেদ।

জ্বালানির পাশাপাশি, কর্মকর্তাদের আলোচনায় ভিসা ইস্যুও বিশেষ গুরুত্ব পাবে বলে ধারণা করা হচ্ছে। "অন্তবর্তী সরকারের সময় সম্পর্কের অবনতিকে কেন্দ্র করে উভয় দেশ ভিসা প্রদান সীমিত করেছিল। নতুন সরকার ক্ষমতায় আসার পর, বাংলাদেশ ভিসার ওপর থেকে বাধা-নিষেধ তুলে নিলেও ভারত এখনও পুরোদমে ভিসা দেওয়া শুরু করেনি। কাজেই সেটি আলোচনায় জায়গা পেতে পারে," বিবিসি বাংলাকে বলছিলেন বাংলাদেশের সাবেক রাষ্ট্রদূত এম হুমায়ুন কবির। ভারত ও বাংলাদেশের মধ্যে স্বাক্ষরিত ৩০ বছর মেয়াদি গঙ্গার পানি বণ্টন চুক্তির মেয়াদ চলতি বছরের ডিসেম্বরে শেষ হতে যাচ্ছে। মেয়াদ শেষ হওয়ার আগেই চুক্তিটি নবায়ন বা সংশোধনের প্রক্রিয়া নিয়ে এবারের বৈঠকে পররাষ্ট্রমন্ত্রী আলোচনা করতে পারেন বলে ধারণা করা হচ্ছে। অমীমাংসিত অন্যান্য ইস্যুর মধ্যে সীমান্ত হত্যা বন্ধের ব্যাপারটি বৈঠকে গুরুত্বের সঙ্গে আলোচনা হতে পারে বলে আভাস দিয়েছেন পররাষ্ট্র মন্ত্রণালয়ের কর্মকর্তারা। এছাড়া, বিভিন্ন কানেক্টিভিটি প্রকল্পের অগ্রগতি এবং পারস্পরিক বাণিজ্য সুবিধাগুলো পুনর্বহাল করার ব্যাপারেও এই সফরে কথাবার্তা হবে বলে ধারণা পাওয়া যাচ্ছে।

**সম্পর্কের গতিপথ পাল্টাচ্ছে?**

অতীতে আওয়ামী লীগ সরকারের সময় অনুষ্ঠিত হওয়া প্রশ্নবিদ্ধ নির্বাচনগুলোতে সমর্থন দেওয়াকে কেন্দ্র করে বিতর্কের মুখে পড়েছিল ভারত সরকার। জুলাই গণ-অভ্যুত্থানের পর শেখ হাসিনাসহ আওয়ামী লীগের দণ্ডপ্রাপ্ত অনেক নেতাকে ভারতের মাটিতে থাকতে দেওয়াসহ বিভিন্ন ইস্যুতে অন্তবর্তী সরকারের সময় দুই দেশের সম্পর্কে 'টানাপড়েন' তৈরি হয়। এক পর্যায়ে ভারত সরকারের পক্ষ থেকে ইঙ্গিত দেওয়া হয় যে, নির্বাচনের পর তারা বাংলাদেশের নতুন রাজনৈতিক সরকারের সঙ্গে সম্পর্ক এগিয়ে নেবে। এর মধ্যে নির্বাচনের আগে গত ডিসেম্বরে বিএনপির তৎকালীন চেয়ারপার্সন খালেদা জিয়া মারা গেলে তার প্রতি শ্রদ্ধা জানাতে ঢাকায় আসেন ভারতের পররাষ্ট্রমন্ত্রী এস জয়শংকর। এরপর চলতি বছরের

ফেব্রুয়ারিতে নির্বাচনে জয়লাভ করে তারেক রহমানের নেতৃত্বে বিএনপি সরকার গঠন করলে শপথ অনুষ্ঠানে অংশ নেন ভারতের লোকসভার স্পিকার ওম বিড়লা। এসব ঘটনায় দু'দেশের মধ্যে সম্পর্ক স্বাভাবিক করার ইঙ্গিত পাওয়া যায়। "বিশেষ করে নির্বাচিত সরকার ক্ষমতা নেওয়ার পর ভারত ও বাংলাদেশ- উভয় পক্ষ থেকেই সম্পর্ক স্বাভাবিক করার একটা প্রচেষ্টা আমরা লক্ষ্য করছি। পররাষ্ট্রমন্ত্রীর এই সফর সেটিরই ধারাবাহিকতা বলা যায়। টানাপড়েন কাটিয়ে দু'দেশের মধ্যকার সম্পর্ক স্বাভাবিক করার ক্ষেত্রে এই সফর গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে আশা করা যায়," বলেন সাবেক রাষ্ট্রদূত এম হুমায়ুন কবির।

ভারতের সাবেক পররাষ্ট্র প্রতিমন্ত্রী ও বিজেপির প্রাক্তন এমপি এম জে আকবরের মতে, দ্বিপাক্ষিক সম্পর্কের ক্ষেত্রে একটা যে 'গতিপথ পাল্টানো' দরকার, বাংলাদেশ ও ভারত উভয়পক্ষই সেটি উপলব্ধি করছে। "আমি বলব, দু'পক্ষের মধ্যেই এই সচেতনতা তৈরি হয়েছে যে, মাঝের বেশ কিছুদিন সম্পর্কের ক্ষেত্রে একটা বিরাট ডিসরাপশন লক্ষ্য করা গেছে, যা কারোরই উপকারে আসেনি," বিবিসি বাংলার শুভজ্যোতি ঘোষকে বলেন মি. আকবর। "তবে সুখবর হলো, দু'পক্ষই এখন অনুধাবন করেছে, এটা পাল্টানো দরকার," যোগ করেন ভারতের সাবেক এই পররাষ্ট্র প্রতিমন্ত্রী। পররাষ্ট্রমন্ত্রী খলিলুর রহমানের দিল্লি সফর সেই বাস্তবতারই প্রতিফলন বলে মনে করেন তিনি।

(বিবিসি ওয়েব পেজ : ০৭.০৪.২০২৬ আলী আহমেদ)

**বর্ষবরণ শোভাযাত্রার নাম বারবার বদল কেন?**

ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা ইনস্টিটিউট থেকে বাংলা নববর্ষের দিনে প্রতিবছর যে শোভাযাত্রা হয়, ফের সেটির নতুন নাম নির্ধারণ করা হয়েছে। এতদিন এটি 'আনন্দ শোভাযাত্রা' বা 'মঙ্গল শোভাযাত্রা' নামে পরিচিত থাকলেও, এবার থেকে এর নাম 'বৈশাখি শোভাযাত্রা' করার কথা জানিয়েছে সরকার। সরকার বলছে, নাম নিয়ে দীর্ঘদিনের বিভাজন দূর করার জন্যই এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। আয়োজকরা বলছেন, সময়ের প্রেক্ষাপট ও সামাজিক বাস্তবতার সঙ্গে সামঞ্জস্য রেখে নাম পরিবর্তন করা হয়েছে, যাতে আয়োজনটি আরও অন্তর্ভুক্তিমূলক ও গ্রহণযোগ্য হয়। তাদের মতে, নামের পরিবর্তন মূল আয়োজনের উদ্দেশ্য বা তাৎপর্যকে বদলে দেয় না, বরং নতুন প্রজন্মের কাছে বিষয়টিকে আরও প্রাসঙ্গিক করে তোলে। যদিও সমালোচক ও বিশ্লেষকরা বলছেন, উল্টো কথা। তাদের বক্তব্য হলো, একই আয়োজনের নাম বারবার পরিবর্তন করলে এর ঐতিহ্য ও ধারাবাহিকতা ক্ষতিগ্রস্ত হতে পারে।

**'নাম পরিবর্তন রাষ্ট্রীয় ব্যাপার, চাইলে করতেই পারে'**

বাংলাদেশে প্রতিবছর বাংলা নববর্ষ বা পহেলা বৈশাখ নানা আনুষ্ঠানিকতার মধ্যদিয়ে পালন করা হয়, যার মধ্যে উল্লেখযোগ্য একটি হচ্ছে এই পহেলা বৈশাখে ঢাকা বিশ্ববিদ্যালয় আয়োজিত শোভাযাত্রা। এটি মূলত একটি বর্ণাঢ্য মিছিল, যার শুরুটা হয়েছে চারুকলা ইন্সটিটিউটের হাত ধরে। ১৯৮৯ সাল থেকে প্রতিবছর এই চারুকলা অনুষদ থেকে পহেলা বৈশাখের সকালে বাদ্যযন্ত্রের তালে বাঁশ-কাগজসহ নানা উপকরণে তৈরি নানা ধরনের ভাস্কর্য, মুখোশ হাতে বর্ণাঢ্য মিছিল বের হয়, যেখানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক থেকে শুরু করে সাধারণ মানুষ অনেকেই শামিল হন। এটি 'মঙ্গল শোভাযাত্রা' নামে খ্যাতি পেয়েছে, কিন্তু সাড়ে তিন দশক আগে যাত্রা শুরুর সময় ওই আয়োজনটির নাম ছিল 'আনন্দ শোভাযাত্রা'। পরবর্তীতে সেটির নাম পরিবর্তন করে 'মঙ্গল শোভাযাত্রা' করা হয়। কিন্তু ২০২৪ সালের জুলাই

গণ-অঅভ্যুত্থানের পর গত বছর এর নাম 'আনন্দ শোভাযাত্রা' করেছিল অন্তর্বর্তীকালীন সরকার। এর ঠিক এক বছরের মাথায় ফের এর নাম পরিবর্তিত হয়ে 'বৈশাখি শোভাযাত্রা' করা হলো। রাজনৈতিক বিশ্লেষক মহিউদ্দিন আহমদের মতে, নাম নিয়ে যা হচ্ছে তা 'স্রেফ রাজনীতি'। "কিন্তু মুশকিল হলো, এটার উদ্যোক্তা চারুকলা। তারা যদি এই নাম পরিবর্তনকে মেনে নেয়, তাহলে কিছু বলার থাকে না। তারা নাম দিয়েছিল, তারাই এখন অন্য নাম গ্রহণ করছে। এখানে কিছু করার নাই," যোগ করেন তিনি।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা অনুষদের সঙ্গে কথা বলেও দেখা গেছে, শোভাযাত্রার নাম পরিবর্তন নিয়ে তাদের কোনো আপত্তি নেই। অনুষদের ডিন ও নববর্ষ উদ্‌যাপন কমিটির সদস্যসচিব অধ্যাপক আজহারুল ইসলাম শেখ বিবিসি বাংলাকে বলেন, নাম পরিবর্তন করা হলেও, "শোভাযাত্রার মূল আয়োজন ও কর্মকাণ্ডে নীতিগত কোনো বাধা নেই। আর নাম পরিবর্তন রাষ্ট্রীয় ব্যাপার, চাইলে তো করতেই পারে।" চারুকলা অনুষদ তাদের সাধ্যমতো উৎসবটিকে সুন্দরভাবে করার চেষ্টা করছে উল্লেখ করে তিনি বলেন, "এটি কতটুকু অন্তর্ভুক্তিমূলক করা হলো, এতে কতটুকু বৈচিত্র্য এলো, দলমত নির্বিশেষে সেক্যুলার প্রেজেন্টেশন, বর্ষবরণ উদ্‌যাপনে এগুলোই চেতনার মূল জায়গা।" এই মূল জায়গাগুলোতে "কোনো সমস্যা নেই" বলে জানিয়েছেন অধ্যাপক মি. ইসলাম।

বারবার শোভাযাত্রার নাম পরিবর্তনের বিষয়টিকে চারুকলা কীভাবে দেখছে জানতে চাইলে আজহারুল ইসলাম শেখ বলেন, "এটা আমাদের (চারুকলা) কাছে ঠিকঠাক লাগার প্রসঙ্গ না শুধু, এটি বৃহত্তর একটি রাষ্ট্রীয় প্রোগ্রাম। আমরা আয়োজক। সবই ঠিক আছে।" "এখন বৃহত্তর কমিটি, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এবং অন্যান্য অংশীদার যারা আছে, সবার মতামতের আলোকে বৃহত্তর সিদ্ধান্ত এটি। কারও একক সিদ্ধান্ত বা মতামতের ব্যাপার নেই এখানে। জাতির বৃহত্তর স্বার্থে যেভাবে সুবিধা হয় আর কী," তিনি যোগ করেন। তার মতে, শোভাযাত্রার মূল বৈশিষ্ট্য অক্ষুণ্ন আছে কি না, এখানে সেটিই দেখার বিষয় শুধু।

নাম পরিবর্তনের পেছনে সরকারের যুক্তি

'মঙ্গল শোভাযাত্রা' নিয়ে আগেও বিভিন্ন সময় বিতর্ক হতে দেখা গেছে। ধর্মভিত্তিক একাধিক গোষ্ঠী ও দলের সদস্যদের এই আয়োজনের বিরোধিতা করতেও দেখা গেছে। চারুকলা অনুষদের উদ্যোগে ১৯৮৯ সালে 'আনন্দ শোভাযাত্রা' নামে এই শোভাযাত্রা শুরু হলেও, পরবর্তীতে নব্বইয়ে স্বৈরাচারবিরোধী আন্দোলনের পটভূমিতে 'অমঙ্গলকে দূর করে মঙ্গলের আহ্বান' জানিয়েই শোভাযাত্রার নামকরণ হয় তখন 'মঙ্গল শোভাযাত্রা'। তিন দশকেরও বেশি সময় ধরে চলা এই শোভাযাত্রাটি পরবর্তীতে বাংলাদেশের পহেলা বৈশাখ উদ্‌যাপনের অন্যতম গুরুত্বপূর্ণ অনুষঙ্গ হয়ে দাঁড়িয়েছে। জাতিসংঘের শিক্ষা, সংস্কৃতি ও বিজ্ঞানবিষয়ক সংস্থা 'ইউনেস্কো' ২০১৬ সালের ৩০শে নভেম্বর মঙ্গল শোভাযাত্রাকে 'অপরিমেয় বিশ্ব সংস্কৃতি' হিসেবে স্বীকৃতি দিয়েছে। 'মঙ্গল শোভাযাত্রা অন পহেলা বৈশাখ'- বাংলা বর্ষবরণের আয়োজনটিকে ইউনেস্কোর অপরিমেয় বিশ্ব সংস্কৃতি হিসেবে স্বীকৃতির সনদে এভাবেই উল্লেখ করা হয়েছে। তাহলে কেন হঠাৎ করে ফের এই আয়োজনের নাম পরিবর্তন করার প্রয়োজন পড়লো এবং সরকার কেন চারুকলা আয়োজিত অনুষ্ঠানে জড়াতে গেল, এসব নিয়ে জানতে চাইলে সংস্কৃতি মন্ত্রী নিতাই রায় চৌধুরী বিবিসি বাংলাকে বলেন, "এই শোভাযাত্রা এককভাবে চারুকলার না। চারুকলা এটি প্রতিবছর আয়োজন করে। এটি সামগ্রিকভাবে একটি বৈশাখি

উৎসব।" তিনিও উল্লেখ করেন যে, ১৯৮৯ সালে চারুকলা এর নাম দেয় 'আনন্দ শোভাযাত্রা'। পরে ১৯৯৬ সালে আওয়ামী লীগ সরকার এসে এর নামকরণ করে 'মঙ্গল শোভাযাত্রা'। এরপর গতবছর অন্তর্বর্তীকালীন সরকার এসে এর নাম পাল্টে করে দেয় 'আনন্দ শোভাযাত্রা'। "এখন এই আনন্দ আর মঙ্গল...সবকিছুই আনন্দ, সবকিছুই মঙ্গল...বৈশাখ একটি আনন্দঘন পরিবেশ। অথচ এই নামটা নিয়ে দুটো পক্ষ হয়ে মারাত্মকভাবে একটি বিভাজন তৈরি হয়েছে। আমরা বিভাজন চাই না, অনৈক্য চাই না। আমরা ঐক্য ও বৈচিত্র্য চাই। বিভিন্ন জাতিসত্তা ও সংস্কৃতি তুলে ধরতে চাই। তাই, এটি অবসান করে আমরা নাম দিলাম বৈশাখি শোভাযাত্রা।" মন্ত্রী বলেন, "দেশের অধিকাংশ মানুষ সরকারের এই সিদ্ধান্তে খুশি হয়েছে।"

এদিকে, নাম বদলের ফলে জাতিসংঘের স্বীকৃতিতে কোনো প্রভাব পড়বে কি না, তা নিয়ে প্রশ্ন উঠেছে। সেইসাথে, বাংলাদেশ সরকার এখন এ বিষয়ে কী করবে, জানতে চাইলে মন্ত্রী আরও বলেন যে, জাতিসংঘকে এ বিষয়ে জানাতেই হবে, এমন কোনো বিষয় নেই। "তবে আমরা তাদেরকে জানিয়ে দেব যে, এখন শোভাযাত্রার নাম এটা। এটা এমন কিছু না।" ইউনেস্কোর স্বীকৃতি প্রসঙ্গে তিনি বলেন, "তারা নববর্ষের উৎসবকে দিয়েছে। এর মাঝে অনেক কিছুই আছে। ওইদিন ঢাকায় রমনা বটমূলের অনুষ্ঠান হয়, চারুকলা থেকে শোভাযাত্রা বের হয়। উদীচী অনুষ্ঠান করে, নজরুল ইনস্টিটিউট তাদের মতো অনুষ্ঠান করে।"

'সব ব্যাপারে সরকার মাথা গলালে সমস্যা'

চারুকলার এই শোভাযাত্রা বন্ধ করার ক্ষেত্রে বিভিন্ন ধর্মীয় গোষ্ঠীর চাপ বরাবরই ছিল। সে বিষয়ে রাজনৈতিক বিশ্লেষক মহিউদ্দিন আহমদ বিবিসি বাংলাকে বলছিলেন, মঙ্গল শোভাযাত্রা নিয়ে আপত্তির মূল কারণ ছিল, "এর মাঝে বিভিন্ন মোটিফ ব্যবহার করা হয়।" "একদল লোক বললো, এটা হিন্দুয়ানি সংস্কৃতি। তারপর গতবছর আনন্দ শোভাযাত্রা ফেরানো হলো। কিন্তু আনন্দ শব্দের মাঝেও চাইলে হিন্দুয়ানি গন্ধ পাওয়া যাবে। আর মঙ্গল হিন্দুয়ানি শব্দ মনে করলে মঙ্গল নামটাও পরিবর্তন করে দিতে হয়।" আর এই নাম নিয়ে বিভিন্ন সময়ে রাজনীতি হয়েছে এবং এখনও সেটিই হচ্ছে বলে মত তার। তাই, "আমি মনে করি, এখানে সরকারের মাথা গলানোর দরকার নাই। সব ব্যাপারে সরকার মাথা গলালে সমস্যা। ব্যাপারটা সেখানে। এটা নিয়ে রাজনীতি হচ্ছে। মঙ্গল শোভাযাত্রার মাঝে একটি রাজনৈতিক গোষ্ঠী অন্য একটি রাজনৈতিক গোষ্ঠীর রাজনীতির গন্ধ পান।" "সে কারণে বর্তমান সরকার নিরাপদ অবস্থানে থাকার জন্য তাদের দৃষ্টিকোণ থেকে অপেক্ষাকৃত নিরপেক্ষ নাম আবিষ্কার করলো। কিন্তু যারা এটিকে মঙ্গল বলে, তারা যদি রাষ্ট্রের নিয়ন্ত্রণ নেয়, তাহলে তখন এই নাম বদলে যাবে আবার। আমাদের এখানে হলের নাম বদলায়, পার্কের নাম বদলায়, বিমানবন্দরের নাম বদলায়, তখন নামও বদলে যাবে। এটা পিওর রাজনীতি," বলেন তিনি। উল্লেখ্য, এই ঘটনায় সামাজিক যোগাযোগ মাধ্যমে পক্ষে-বিপক্ষে অনেক আলোচনা চলছে। সেইসাথে, বাংলাদেশ উদীচী শিল্পীগোষ্ঠীর অনেকেই এ নিয়ে ইতোমধ্যে ক্ষোভ প্রকাশ করেছে এবং তারা 'মঙ্গল শোভাযাত্রা' নামটির পুনর্বহাল চাচ্ছে। অপরদিকে, পহেলা বৈশাখের মঙ্গল শোভাযাত্রা বন্ধে হাইকোর্টে রিট আবেদন করেছেন এক আইনজীবী।

(বিবিসি ওয়েব পেজ : ০৭.০৪.২০২৬ আলী আহমেদ)

**গ্রেফতারের আগে দেড় বছর কোথায় ছিলেন শিরীন শারমিন চৌধুরী?**

বাংলাদেশের জাতীয় সংসদের সাবেক স্পিকার শিরীন শারমিন চৌধুরীকে গ্রেফতার করেছে ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশ (ডিবি)। চব্বিশের আন্দোলনে আওয়ামী লীগ সরকার পতনের দেড় বছরেরও বেশি সময় পর তাকে গ্রেফতার করা হলো। মঙ্গলবার ভোর সাড়ে ৪টার দিকে ঢাকার ধানমন্ডি এলাকা থেকে তাকে গ্রেফতারের পর নেওয়া হয় ঢাকার মিন্টো রোডে অবস্থিত ডিবি কার্যালয়ে। ঢাকা ও রংপুরে জুলাইয়ের একাধিক হত্যা মামলায় মিজ চৌধুরীর নাম রয়েছে বলে জানিয়েছে পুলিশ। "এর মধ্যে বৈষম্যবিরোধী ছাত্র-আন্দোলনের সময় ঢাকার লালবাগ থানায় হওয়া একটি হত্যা মামলায় গ্রেফতার দেখিয়ে আমরা তাকে কোর্টে চালান দেওয়ার প্রস্তুতি নিচ্ছি," বিবিসি বাংলাকে বলেন ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশের প্রধান শফিকুল ইসলাম। জুলাই গণ-অভ্যুত্থানে আওয়ামী লীগ সরকারের পতনের ২৭ দিনের মাথায় স্পিকার পদ থেকে শিরীন শারমিন চৌধুরী সরে দাঁড়ান বলে জানিয়েছিল অন্তর্বর্তী সরকার। এরপর গত দেড় বছরে তাকে আর প্রকাশ্যে আসতে দেখা যায়নি। এই সময়ের মধ্যে তার অবস্থান নিয়ে নানান গুঞ্জন শোনা গেছে। কিন্তু মিজ চৌধুরী এতদিন কোথায় ছিলেন এবং মঙ্গলবার কীভাবে পুলিশের কাছে ধরা পড়লেন?

'আত্মগোপনের' দেড় বছর

গণ-অভ্যুত্থানে সরকার পতনের মুখে ২০২৪ সালের ৫ আগস্ট ভারতে গিয়ে আশ্রয় নেন তৎকালীন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এ ঘটনার পর আওয়ামী লীগের নেতা-কর্মীদের অনেকে গ্রেফতার আতঙ্কে আত্মগোপনে চলে যান, গ্রেফতারও হন অনেকে। জনরোষে প্রাণহানির আশঙ্কায় সে সময় অনেকে বিভিন্ন সেনানিবাসেও আশ্রয় নিয়েছিলেন। তখন ছয় শতাধিক ব্যক্তিকে সেনানিবাসে আশ্রয় দেওয়া হয়েছিল, যাদের মধ্যে রাজনৈতিক নেতা, বিচারক, আমলা, বিশ্ববিদ্যালয় শিক্ষক এবং পুলিশের কর্মকর্তা ও সদস্যরা ছিলেন বলে ২০২৪ সালের ১৮ আগস্ট প্রকাশিত এক বিবৃতিতে জানিয়েছিল আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর (আইএসপিআর)। "মানবিক দায়বদ্ধতার কারণে ও আইন-বহির্ভূত হত্যাকাণ্ড থেকে জীবন রক্ষা করতেই" তাদেরকে সেনানিবাসে আশ্রয় দেওয়া হয়েছিল বলে আইএসপিআরের বিবৃতিতে উল্লেখ করা হয়। প্রাথমিকভাবে সবার নাম পরিচয় প্রকাশ করা না হলেও, বছরখানেকের মাথায় গত বছরের ২২ মে সেনানিবাসে আশ্রয় নেওয়া ব্যক্তিদের নামের একটি তালিকা প্রকাশ করা হয়। সেই তালিকায় আওয়ামী লীগের অন্য অনেক নেতাদের সঙ্গে সাবেক স্পিকার শিরীন শারমিন চৌধুরীর নামও ছিল। সেখান থেকে নিশ্চিত হওয়া যায় যে, গণ-অভ্যুত্থানে সরকার পতনের পর সপরিবারে ঢাকা সেনানিবাসে আশ্রয় নিয়েছিলেন। সেখানে থাকা অবস্থাতেই ২০২৪ সালের ২ সেপ্টেম্বর মিজ চৌধুরী রাষ্ট্রপতির কাছে পদত্যাগপত্র পাঠান বলে ধারণা করা হয়।

কীভাবে তিনি সেনানিবাসে গিয়েছিলেন, সেটির একটি বর্ণনা পাওয়া যায় সাবেক ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলকের একটি জবানবন্দিতে। গত বছরের এপ্রিলে মি. পলক আদালতকে জানান, জুলাই গণ-অভ্যুত্থানে সরকারের পতনের দিন সকাল থেকে মধ্য রাত পর্যন্ত তৎকালীন স্পিকার শিরীন শারমিন চৌধুরী, ডেপুটি স্পিকার শামসুল হক টুকুসহ তারা প্রায় ১২ জন জাতীয় সংসদ ভবনের ভেতরের একটি কক্ষে "লুকিয়ে ছিলেন"। পরিস্থিতি কিছুটা শান্ত হওয়ার পর রাত আড়াইটার দিকে সেনাবাহিনী সদস্যরা সেখানে গিয়ে তাদেরকে উদ্ধার করে সেনানিবাসে নিয়ে যান বলে জানান মি. পলক। কিছুদিন

পর দেশ ছাড়ার প্রস্তুতিকালে তিনি ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর থেকে গ্রেফতার হন। কিন্তু শিরীন শারমিন চৌধুরীর কোনো খোঁজ তখন পাওয়া যায়নি। তিনি কতদিন সেনানিবাসে ছিলেন এবং কবে বের হন, সে বিষয়েও আইএসপিআরের পক্ষ থেকে বিস্তারিত কিছু জানানো হয়নি। প্রায় দেড় বছর পর 'গোপন তথ্যের ভিত্তিতে' মঙ্গলবার ভোরে ঢাকার ধানমন্ডি এলাকার নিজ বাসা থেকে মিজ চৌধুরী গ্রেফতার হয়েছেন বলে জানিয়েছে পুলিশ। প্রাথমিক জিজ্ঞাসাবাদের বরাত দিয়ে কর্মকর্তারা বলছেন, তারা জানতে পেরেছেন যে, সেনানিবাস থেকে বের হওয়ার পর দেশের ভেতরেই বিভিন্ন জায়গায় 'আত্মগোপনে ছিলেন' শিরীন শারমিন চৌধুরী। "উনি বলছেন যে, এতদিন দেশেই ছিলেন। যে বাসা থেকে তাকে গ্রেফতার করা হয়েছে, সেটা তার স্বামীর নামে বলে জানতে পেরেছি। ধরা পড়ার আগে তিনি কোথায় কোথায় ছিলেন, জিজ্ঞাসাবাদ করা গেলে এ বিষয়ে আরও বিস্তারিত তথ্য পাওয়া যাবে," বিবিসি বাংলাকে বলেন ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশের প্রধান শফিকুল ইসলাম। মঙ্গলবার আদালতে তোলার পর জিজ্ঞাসাবাদের জন্য মিজ চৌধুরীর রিমান্ড চাওয়া হবে বলে জানিয়েছে পুলিশ।

যত মামলা

গোয়েন্দা পুলিশের কর্মকর্তারা বলছেন, গণ-অভ্যুত্থানের সময় সংঘটিত হত্যা মামলাসহ অন্তত অর্ধ ডজন মামলায় আসামি হিসেবে নাম রয়েছে শিরীন শারমিন চৌধুরীর। এর মধ্যে একটি রংপুরের শ্রমিক মুসলিম উদ্দিন হত্যা মামলা। এজাহারের তথ্য থেকে জানা যায়, বৈষম্যবিরোধী ছাত্র-আন্দোলন চলাকালে রংপুরে পুলিশ ও আওয়ামী লীগের নেতা-কর্মীদের সঙ্গে সংঘর্ষের সময় তিনি নিহত হন। শেখ হাসিনা সরকারের পতনের পর ২০২৪ সালের ২৭ আগস্ট নিহতের স্ত্রী দিলরুবা আক্তার বাদী হয়ে আদালতে মামলাটি দায়ের করেন। সেখানে শিরীন শারমিন চৌধুরী, সাবেক বাণিজ্যমন্ত্রী টিপু মুনশিসহ ১৭ জনকে আসামি করা হয়। মি. মুনশিকে আগেই গ্রেফতার করেছে পুলিশ। বর্তমানে তিনি কারাগারে রয়েছেন। ঢাকার লালবাগ থানাতেও জুলাইয়ের একটি হত্যা মামলায় আসামি হিসেবে শিরীন শারমিন চৌধুরীর নাম রয়েছে বলে জানিয়েছে পুলিশ। প্রাথমিকভাবে মামলাটিতেই গ্রেফতার দেখিয়ে আদালতে তোলা হচ্ছে তাকে। তবে অন্য মামলাগুলোতেও পর্যায়ক্রমে মিজ চৌধুরীকে গ্রেফতার দেখানো হবে বলে জানান কর্মকর্তারা।

উল্লেখ্য যে, ২০০৯ সালে আওয়ামী লীগের সংরক্ষিত নারী আসনের সদস্য হিসেবে জাতীয় সংসদে যান শিরীন শারমিন চৌধুরী। এরপর মহিলা ও শিশু মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রীর দায়িত্ব পান তিনি। নবম সংসদের শেষ দিকে তৎকালীন রাষ্ট্রপতি জিল্লুর রহমানের মৃত্যুর পর সে সময়ের স্পিকার আবদুল হামিদকে রাষ্ট্রপতি বানায় আওয়ামী লীগ সরকার। এরপর ২০১৩ সালে ৩০ এপ্রিল বাংলাদেশের ইতিহাসে প্রথম নারী স্পিকার নির্বাচিত হন শিরীন শারমিন চৌধুরী। ২০২৪ সালের আগস্টে আওয়ামী লীগ ক্ষমতাচ্যুত হওয়ার আগ পর্যন্ত মিজ চৌধুরী টানা তিন মেয়াদে স্পিকারের দায়িত্ব পালন করেন। (বিবিসি ওয়েব পেজ : ০৭.০৪.২০২৬ আলী আহমেদ)

**ইরানের রেলপথ ও সেতুতে হামলা চালিয়েছে ইসরায়েল : নেতানিয়াহু**

ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু জানিয়েছেন, ইরানের ব্যবহৃত রেলপথ ও সেতুতে হামলা চালিয়েছে ইসরায়েল। এক্সে দেওয়া এক বার্তায় তিনি বলেন, "গতকাল আমরা পরিবহণ বিমান ও ডজনখানেক হেলিকপ্টার ধ্বংস করেছি। আজ আমরা বিপ্লবী গার্ডসের ব্যবহৃত রেললাইন ও সেতুগুলোতে হামলা চালিয়েছি।" এদিকে, ইসরায়েলি প্রতিরক্ষা বাহিনী- আইডিএফ জানিয়েছে, ইরানের সশস্ত্র বাহিনী ব্যবহার করে এমন আটটি সেতুতে তারা হামলা

করেছে। এইডিএফ-এর মতে, ইরানের তেহরান, কারাজ, তাবরিজ, কাশান ও কোমসহ বিভিন্ন শহরে এসব হামলা হয়েছে। এর আগে, ইরানের রাষ্ট্রীয় গণমাধ্যম জানিয়েছিল, কাশানের একটি সেতুতে হামলার ঘটনায় দুইজন নিহত হয়েছেন। ওই ঘটনার কয়েক ঘণ্টা আগে ইসরায়েল ইরানের বাসিন্দাদের নিরাপত্তার স্বার্থে ট্রেনে না ওঠার সতর্কবার্তা দিয়েছিল।(বিবিসি ওয়েব পেজ: ০৭.০৪.২০২৬ রনি)

**সকল বিদ্যুৎকেন্দ্রের চারদিকে মানববন্ধন তৈরির জন্য তরুণদের প্রতি আহ্বান ইরানের শাসকদের**

দেশজুড়ে সব বিদ্যুৎকেন্দ্রের চারপাশে মানববন্ধন গড়ে তোলার জন্য তরুণদের প্রতি আহ্বান জানিয়েছেন ইরানের শাসকরা। বিবিসির মার্কিন অংশীদার সিবিএস নিউজ এ খবর জানিয়েছে। ইরানের শাসকদের এই ধরনের আহ্বানের কারণ, মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প আজ মঙ্গলবার ফের হুঁশিয়ারি দিয়েছেন যে, ইরানের ধর্মতান্ত্রিক শাসনব্যবস্থা যদি মঙ্গলবার রাত ৮টার (ইডিটি) মধ্যে হরমুজ প্রণালি পুনরায় খুলে দিতে চুক্তিতে আসতে রাজি না হয়, তাহলে "আজ রাতেই একটি গোটা সভ্যতা ধ্বংস হয়ে যাবে।" ইরানের তরুণদের প্রতি মানববন্ধন তৈরির আহ্বান এবং ডোনাল্ড ট্রাম্পের তরফ থেকে পুরো ইরানি সভ্যতা ধ্বংস করে দেওয়ার হুমকি, এমন সময় হলো, যখন গত রোববার এক পোস্টে হুঁশিয়ারি দিয়েছেন যে, ইস্টার্ন টাইম মঙ্গলবার রাত ৮টা (বাংলাদেশ সময় অনুযায়ী এটি আগামীকাল বুধবার ভোর ৬টা) হবে "বিদ্যুৎকেন্দ্র ও সেতু দিবস।" এর মাধ্যমে তিনি ইরানের বিদ্যুৎকেন্দ্র ও সেতু গুড়িয়ে দেওয়ার হুমকি দিয়েছেন।(বিবিসি ওয়েব পেজ: ০৭.০৪.২০২৬ রনি)

**ইরান যুদ্ধ শুরুর পর থেকে ১৩ হাজারের বেশি লক্ষ্যবস্তুতে হামলার দাবি যুক্তরাষ্ট্রের**

ইরান যুদ্ধ শুরুর পর থেকে ১৩ হাজারের বেশি লক্ষ্যবস্তুতে হামলা চালানোর দাবি করেছে যুক্তরাষ্ট্রের সামরিক বাহিনী। ২৮ ফেব্রুয়ারি যুদ্ধ শুরু হওয়ার পর থেকে এসব হামলা চালানো হয়েছে বলে জানিয়েছে যুক্তরাষ্ট্রের সেন্ট্রাল কমান্ড (সেন্টকম)। তারা জানিয়েছে, এ পর্যন্ত ইরানের ১৫৫টির বেশি জাহাজ ক্ষতিগ্রস্ত বা ধ্বংস করা হয়েছে। ইরানের বিরুদ্ধে যুক্তরাষ্ট্রের সামরিক অভিযানের সাংকেতিক নাম 'অপারেশন এপিক ফিউরি'। এ বিষয়ে হালনাগাদ তথ্য দিয়ে সেন্টকম জানায়, হামলার লক্ষ্যবস্তুর মধ্যে ছিল ইসলামিক রেভোলিউশনারি গার্ড কোরের (আইআরজিসি) সদর দপ্তর, আকাশ প্রতিরক্ষা ব্যবস্থা, ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র ঘাঁটি এবং ইরানের নৌবাহিনীর জাহাজ ও সাবমেরিন। এদিকে, যুক্তরাষ্ট্রভিত্তিক মানবাধিকার সংস্থা হিউম্যান রাইটস অ্যাকটিভিস্ট নিউজ এজেন্সি জানিয়েছে, যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের হামলা শুরুর পর থেকে ইরানে ৩ হাজার ৫০০-এর বেশি মানুষ নিহত হয়েছেন, যাদের মধ্যে অন্তত এক হাজার ৬৬৫ জন বেসামরিক নাগরিক।(বিবিসি ওয়েব পেজ: ০৭.০৪.২০২৬ এলিনা)

**ইরান চুক্তি না করলে 'একটি সভ্যতা আজ রাতে ধ্বংস হবে': ট্রাম্পের হুঁশিয়ারি**

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প হুমকি দিয়ে বলেছেন, ইরান যুক্তরাষ্ট্রের সঙ্গে চুক্তিতে না এলে "আজ রাতেই একটি গোটা সভ্যতা ধ্বংস হয়ে যাবে, যা আর কখনও ফিরে আসবে না।" ট্রুথ সোশ্যালে দেওয়া এক পোস্টে তিনি আরও বলেন, "আমি চাই না এটা ঘটুক, কিন্তু সম্ভবত তা ঘটবে। তবে এখন যেহেতু দেশটির শাসন ব্যবস্থায় আমূল পরিবর্তন এসেছে এবং সেখানে ভিন্ন, আরও বুদ্ধিমান ও অপেক্ষাকৃত কম উগ্র মানসিকতার মানুষ নেতৃত্বে এসেছে, সেহেতু হয়ত ইতিবাচক কিছুই ঘটবে। কে বলতে পারে!" "আমরা এটি আজ রাতেই জানতে পারবো। পৃথিবীর দীর্ঘ ও জটিল ইতিহাসের অন্যতম গুরুত্বপূর্ণ মুহূর্তগুলোর একটি। অবশেষে গত ৪৭ বছরের চাঁদাবাজি, দুর্নীতি ও মৃত্যুর অবসান হবে। ঈশ্বর ইরানের জনগণের ভালো করুক!" উল্লেখ্য, হরমুজ প্রণালি পুনরায় খুলে দিতে ইরানকে মঙ্গলবার রাত ৮টা (ইডিটি) পর্যন্ত সময়সীমা বেধে দিয়েছেন ডোনাল্ড ট্রাম্প। বাংলাদেশ সময় অনুযায়ী, এটি আগামীকাল বুধবার ভোর ৬টা।(বিবিসি ওয়েব পেজ: ০৭.০৪.২০২৬ এলিনা)

**হরমুজ প্রণালি নিয়ে নিরাপত্তা পরিষদের বৈঠকে রাশিয়া ও চীনের ভেটো**

নিরাপত্তা পরিষদে বাহরাইনের তোলা হরমুজ প্রণালিতে চলাচল নিশ্চিত করতে সংশ্লিষ্ট দেশগুলোর সমন্বিত প্রতিরক্ষামূলক ব্যবস্থা নেওয়ার একটি প্রস্তাবে ভেটো দিয়েছে রাশিয়া ও চীন। মঙ্গলবার জাতিসংঘের নিরাপত্তা পরিষদের বৈঠকে ওই প্রস্তাব আনে নিরাপত্তা পরিষদের বর্তমান সভাপতি বাহরাইন। এক সপ্তাহ ধরে আলোচনার পর, প্রস্তাবে কিছুটা পরিবর্তন এনে, সামরিক শক্তি প্রয়োগের বদলে দেশগুলোর প্রতিরক্ষামূলক ব্যবস্থা নেওয়ার মতো শব্দ ব্যবহার করা হয়েছিল। প্রস্তাবে বলা হয়েছে, সদস্য দেশগুলো যেন পরিস্থিতি অনুযায়ী পদক্ষেপ গ্রহণ করে, যাতে হরমুজ প্রণালি দিয়ে নিরাপদে জাহাজ চলাচল নিশ্চিত করা যায়। ১১টি দেশ ওই প্রস্তাবের পক্ষে ভোট দেয়। পাকিস্তান ও কলম্বিয়া ভোটদানে বিরত থাকে।( বিবিসি ওয়েব পেজ: ০৭.০৪.২০২৬ রনি)

## এনএইচকে

**ইরানে আটক জাপানি নাগরিক জামিনে মুক্তি পেয়েছেন : জাপান সরকার**

জাপানের শীর্ষ সরকারি মুখপাত্র জানিয়েছেন, সরকার নিশ্চিত করেছে যে, জানুয়ারিতে ইরানি কর্তৃপক্ষের হাতে আটক এক জাপানি নাগরিক জামিনে মুক্তি পেয়েছেন। চিফ ক্যাবিনেট সেক্রেটারি কিহারা মিনোরু মঙ্গলবার সাংবাদিকদের সাথে আলাপকালে এ মন্তব্য করেন। সাংবাদিকরা কিহারাকে জিজ্ঞাসা করেন, গণমাধ্যমে প্রকাশিত খবরটি সত্য কি না,

যেখানে বলা হয়েছে যে, আটক থাকা এনএইচকের তেহরান ব্যুরো প্রধান জামিনে মুক্তি পেয়েছেন। কিহারা বলেন, ইরানে অবস্থিত জাপানি দূতাবাস নিশ্চিত করেছে যে, গত ২০ জানুয়ারি ইরানি কর্তৃপক্ষের হাতে আটক এক জাপানি নাগরিক স্থানীয় সময় সোমবার জামিনে মুক্তি পেয়েছেন। তিনি আরও বলেন যে, ওই ব্যক্তি মুক্তি পাওয়ার পর ইরানে নিযুক্ত জাপানি রাষ্ট্রদূত তার সঙ্গে দেখা করেন এবং নিশ্চিত করেন যে, তার স্বাস্থ্যগত কোনো সমস্যা নেই। গোপনীয়তার কারণ দেখিয়ে কিহারা এই ব্যক্তির পরিচয়সহ এ বিষয়ে বিস্তারিত কোনো মন্তব্য করতে রাজি হননি। জাপান সরকারের বিভিন্ন সূত্র জানায়, ওই ব্যক্তি এখনো ইরান ত্যাগ করেননি। কিহারা বলেন, শীঘ্রই ওই ব্যক্তিকে নিঃশর্ত মুক্তি দিতে ইরানকে রাজি করানোর জন্য সরকার সর্বাত্মক প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে।
(এনএইচকে ওয়েব পেজ: ০৭.০৪.২০২৬ রনি)

## ডয়চে ভেলে

### বাংলাদেশ-ভারত সম্পর্ক এখন কেমন?

বাংলাদেশের নতুন সরকারের পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান মঙ্গলবার সন্ধ্যায় দিল্লি পৌঁছবেন। বিএনপি সরকার গঠনের পর, এই প্রথম কোনো মন্ত্রী ভারত সফরে যাচ্ছেন। ২০২৪ সালের ৫ আগস্ট গণ-অভ্যুত্থানের মাধ্যমে আওয়ামী লীগ সরকার পতনের পর বাংলাদেশে অন্তর্বর্তী সরকার গঠিত হয়েছিল। এরপর থেকে দুই দেশের মধ্যে সম্পর্কের অবনতি হয়। দুই দেশই একে অপরের বিরুদ্ধে বেশ কিছু সিদ্ধান্ত নিয়েছিল। এরপর চলতি বছর ফেব্রুয়ারি মাসে নির্বাচনের পর বাংলাদেশে নতুন সরকার গঠনের পর দুই পক্ষ থেকেই সম্পর্ক উন্নয়নের চেষ্টা দেখা যাচ্ছে। আন্তর্জাতিক সম্পর্ক বিশ্লেষক ও সাবেক রাষ্ট্রদূত মো. শফিউল্লাহ ডয়চে ভেলেকে বলেন, "দুই দেশের সম্পর্কে যে বরফ গলতে শুরু করেছে, সেক্ষেত্রে ভারতই এগিয়ে এসেছে। তারা বাংলাদেশের বাস্তব পরিস্থিতি বুঝতে পেরেছে।" তবে সম্পর্ক স্বাভাবিক করার ক্ষেত্রে ভিসাকে একটি বড়ো বাধা হিসেবে দেখছেন কূটনৈতিক বিশ্লেষক ও সাবেক রাষ্ট্রদূত হুমায়ুন কবীর। ডয়চে ভেলেকে তিনি বলেন, "আমরা ভারতীয়দের ক্ষেত্রে ভিসা খুলে দিয়েছি। তারাও বলছে, তারা খুলে দেবে, তবে এখনও চালু করেনি।"

#### বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রীর ভারত সফর

মঙ্গলবার সন্ধ্যায় দিল্লি পৌঁছবেন পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান। তার সফরসঙ্গী হচ্ছেন প্রধানমন্ত্রী তারেক রহমানের পররাষ্ট্রবিষয়ক উপদেষ্টা হুমায়ুন কবির। এই সফরের প্রাক্কালে রোববার প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে সাক্ষাৎ করেছেন বাংলাদেশে নিযুক্ত ভারতের হাইকমিশনার প্রনয় ভার্মা। শুধু তাই নয়, ভারতে দুইদিনের সফর শেষে ভারতের পররাষ্ট্রমন্ত্রী এস জয়শংকরের সঙ্গে একই বিমানে চেপে মরিশাসে যাবেন ড. খলিলুর রহমান। মঙ্গলবার সন্ধ্যায় দিল্লি পৌঁছানোর পর সন্ধ্যায় দিল্লিতে ভারতের জাতীয় নিরাপত্তা উপদেষ্টা অজিত দোভালের সঙ্গে আলোচনা করবেন বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী। পরদিন বুধবার ভারতের পররাষ্ট্রমন্ত্রী এস জয়শঙ্করের সঙ্গে বৈঠক করবেন তিনি। ওই বৈঠকে অংশ নেওয়ার পাশাপাশি, তিনি সৌজন্য সাক্ষাৎ করবেন ভারতের বাণিজ্যমন্ত্রী পীযূষ গোয়েল ও পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাসবিষয়ক মন্ত্রী হারদীপ সিং পুরির সঙ্গে। ভারত থেকে বাংলাদেশে পাইপলাইনের মাধ্যমে যে ডিজেল আসছে, তার পরিমাণ বাড়ানোর চেষ্টা থাকবে এই সফরে। পাশাপাশি, আলোচনায় থাকবে সব ধরনের ভারতীয় ভিসা পুরোদমে চালু করার বিষয়টি। যদিও ভারতের তরফে বলা হয়েছে, শিগ্গিরই তারা টুরিস্ট ভিসাও চালু করবে। এছাড়া বাণিজ্য-সংক্রান্ত যে বিধি-নিষেধ রয়েছে, সেগুলো তুলে নেওয়ার অনুরোধ থাকবে। এর সঙ্গে গঙ্গা, তিস্তাসহ অভিন্ন নদীর পানিবণ্টনে সহযোগিতা ও সীমান্তে শান্তিপূর্ণ পরিস্থিতির বিষয়ও থাকবে।

#### যেভাবে বরফ গলতে শুরু করেছে

আন্তর্জাতিক সম্পর্ক বিশ্লেষক ও সাবেক রাষ্ট্রদূত মো. শফিউল্লাহ ডিডাব্লিউকে বলেন, "দুই দেশের সম্পর্কে যে বরফ গলতে শুরু করেছে, সেক্ষেত্রে ভারতই এগিয়ে এসেছে। তারা বাংলাদেশের বাস্তব পরিস্থিতি বুঝতে পেরেছে। এই কারণে যখন সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়া অসুস্থ ছিলেন, তারা চিকিৎসার ব্যাপারে আগ্রহ দেখিয়েছিল। খালেদা জিয়ার মৃত্যুর পর জানাজাতে মোদীর শোকবার্তা নিয়ে এসেছিলেন ওদের পররাষ্ট্রমন্ত্রী। এরপর তারেক রহমানের নেতৃত্বে বিএনপি সরকারের শপথ অনুষ্ঠানে যোগ দিয়েছিলেন ভারতের লোকসভার স্পিকার ওম বিড়লা। এরপর ভারতের পার্লামেন্টের বাজেট অধিবেশনের প্রথম দিনেই বাংলাদেশের সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়ার স্মরণে শোকপ্রস্তাব বা 'অবিচুয়ারি রেফারেন্স' গ্রহণ করার সিদ্ধান্ত নেওয়া হয়। ভারতের পার্লামেন্টের উচ্চকক্ষ রাজ্যসভা ও নিম্নকক্ষ লোকসভা, উভয়কক্ষেই এই শোকপ্রস্তাব আনা হয়। এগুলো কিন্তু ইতিবাচক সম্পর্কের ইঙ্গিত দেয়। ভারতের বর্তমান সরকার যে বিএনপি সরকারের সঙ্গে কাজ করতে আগ্রহী, এই পদক্ষেপগুলোতে সেই বার্তাই দেয়।" গত ফেব্রুয়ারিতে বিএনপি সরকার গঠনের পর যে বিধি-নিষেধ বাংলাদেশ আরোপ করেছিল, তা তুলে নিতে শুরু করেছে। যদিও এখনও কিছু বিধি-নিষেধ রয়েছে। আলোচনার ভিত্তিতে এগুলোও বাংলাদেশ তুলে নেবে বলে মনে করেন জনাব শফিউল্লাহ।

#### সম্পর্ক স্বাভাবিক করতে যা করা দরকার

সম্পর্ক স্বাভাবিক করার ক্ষেত্রে ভিসাকে একটা বড়ো বাধা হিসেবে দেখছেন কূটনৈতিক বিশ্লেষক ও সাবেক রাষ্ট্রদূত হুমায়ুন কবীর। ডিডাব্লিউকে তিনি বলেন, "আমরা ভারতীয়দের ক্ষেত্রে ভিসা খুলে দিয়েছি। তারাও বলছে, তারা খুলে দেবে, তবে এখনও চালু করেনি। এটা চালু হলে একটা পথ উন্মুক্ত হলো। ইতোমধ্যে বাস চলাচল শুরু হয়েছে। এখন

ট্রেন চলাচলের একটা অনুরোধ থাকতে পারে। আরেকটা বিষয় খুবই গুরুত্বপূর্ণ। বৈশ্বিক এই পরিস্থিতিতে ভারত থেকে ডিজেল আসছে, এটা আরও বাড়ানোর অনুরোধ থাকবে। সড়কপথে ব্যবসা এবং ট্রান্সশিপমেন্ট সুবিধা যেটা বাতিল করেছে, সেটা আবার চালু করা। এই মুহূর্তে গঙ্গা চুক্তি নবায়নের বিষয় খুবই গুরুত্বপূর্ণ। আমরা শুনতে পাচ্ছি, দুই পক্ষই আলোচনায় বসবে। এখন এই আলোচনা শুরু হলেও ডিসেম্বরের আগে এটাকে শেষ করে আনতে হবে। এটাও সম্পর্কের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ। পাশাপাশি, শুধু বাংলাদেশ চাইলে তো হবে না, ভারতও বোঝার চেষ্টা করবে বর্তমান সরকারের মনোভাব।

২০২৪ সালের পর বাংলাদেশের মানুষের মধ্যে একটা মনোভাব তৈরি হয়েছে যে, মর্যাদার ভিত্তিতে সম্পর্ক। সেটাও ভারত কীভাবে দেখে, তা নিয়ে আলোচনা হতে পারে। আমার মনে হয়, পারস্পরিক জানাশোনার মধ্যেই এই সফর থাকবে। আন্তর্জাতিক সম্পর্ক বিশ্লেষক অধ্যাপক ড. ইমতিয়াজ আহমেদ ডিডাব্লিউকে বলেন, "ভারত কিন্তু এতদিন অপেক্ষা করেছে নির্বাচিত সরকারের জন্য। সেটা তারা বলেছেও। এখন নির্বাচিত সরকার এসেছে, ফলে আলোচনাটা শুরু হচ্ছে। বিশ্বজুড়ে যে জ্বালানি সংকট চলছে, এখানে বাংলাদেশের পাশে ভারতের দাঁড়ানোর সুযোগ আছে। যেহেতু ২০২৩ সালে একটা পাইপলাইন করা হয়েছে, সেখানে পর্যাপ্ত ডিজেল প্রাপ্তির একটা চেষ্টা তো এই সফলে থাকবে। পাশাপাশি, ভিসা ইস্যু তো অত্যন্ত গুরুত্বপূর্ণ। ফলে পররাষ্ট্রমন্ত্রীর এই সফরে ভিসা ইস্যু গুরুত্ব পাবে। একইসঙ্গে দিল্লি চাইবে, বাংলাদেশের প্রধানমন্ত্রী যেন প্রথম সফরে দিল্লি যান। সে ব্যাপারেও আলোচনা হতে পারে। আগে একটি দলের সঙ্গে দিল্লির সম্পর্ক ছিল, এখন তারা কীভাবে বিষয়টি পরিবর্তন করে, সেটাও দেখার বিষয়। তবে আমাদের দিক থেকে জ্বালানি নিরাপত্তাই এখন প্রধান আলোচনার বিষয়।" সাবেক রাষ্ট্রদূত নাসিম ফেরদৌস ডিডাব্লিউকে বলেন, "এখানে দুই দেশেরই একে অপরের প্রতি নির্ভরশীলতা আছে। ফলে সম্পর্ক স্বাভাবিক করতে দুই দেশকেই এগিয়ে আসতে হবে। আমি মনে করি, ইতোমধ্যে এই প্রক্রিয়া শুরু হয়ে গেছে। বর্তমান প্রধানমন্ত্রী বিজয়ী হওয়ার পর ভারত কিন্তু উষ্ণ অভ্যর্থনা জানিয়েছে। আগের অন্তবর্তী সরকারের সময় যে শীতল সম্পর্ক ছিল, সেখান থেকে আমরা বেরিয়ে এসেছি। এখন এই সম্পর্ককে এগিয়ে নিয়ে যেতে হবে।"

**যেভাবে সম্পর্কের অবনমন**

২০২৪ সালের আগস্টে আওয়ামী লীগ সরকারের পতনের পর বাংলাদেশের ফেনী, নোয়াখালীতে স্মরণকালের ভয়াবহ বন্যা হয়। এর জন্য বাংলাদেশ তখন ভারতের জলকপাট বা স্লুইস গেট খুলে দেওয়াকে দায়ী করেছিল। ওই বছরের ডিসেম্বরে অন্তর্বর্তী সরকারের খাদ্য উপদেষ্টা জানিয়েছিলেন, ভারতের পাশাপাশি সরকার টু সরকারের মাধ্যমে মিয়ানমার, থাইল্যান্ড, পাকিস্তানসহ বিভিন্ন দেশ থেকে চাল আমদানি করা হবে। সে মাসেই আলু ও পেঁয়াজ আমদানিতে ভারতনির্ভরতা কমিয়ে বিকল্প উৎস খোঁজার কথা জানায় ট্রেড অ্যান্ড ট্যারিফ কমিশন। ভারত থেকে স্থলবন্দর দিয়ে সুতা আমদানি বন্ধ করা হয় পরের বছর এপ্রিলে। এছাড়া নিউজপ্রিন্ট, গুঁড়া দুধ, সাইকেল ও মোটর পার্টর্স, সিরামিকওয়্যার, স্যানিটারিওয়্যার, টাইলসসহ আরো অনেক পণ্য আমদানিতে নিষেধাজ্ঞা দেয় এনবিআর। ট্রান্সশিপমেন্টের মাধ্যমে ভারতের বন্দর ব্যবহার করে তৃতীয় দেশে বাংলাদেশের পণ্য যাওয়ার ব্যবস্থা গত বছরের ৯ এপ্রিল বাতিল করে ভারত। এর কয়েকদিন পরই ১৫ এপ্রিল বাংলাদেশের জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) ঘোষণা দেয় যে, ভারত থেকে সুইং সুতা ও কিছু কাঁচামাল স্থলবন্দর দিয়ে আমদানি বন্ধ করা হয়। দুই দেশের বাণিজ্যিক সম্পর্কে ব্যাপক উত্তেজনা ছড়ায় সিদ্ধান্তটি। এর ধারাবাহিকতায় সেই সময়ে সীমান্তে উত্তেজনা, কূটনৈতিক ভাষার কঠোরতা, ভিসা ও কনস্যুলার সেবা সীমিত করা এবং পুশ-ইনসহ নিরাপত্তা ইস্যু সামনে এসেছে। শুধু রাজনীতি আর অর্থনীতি নয়, খেলাধূলাতেও দুই দেশের সম্পর্কের প্রভাব পড়ে। ভারত আইপিএল থেকে বাংলাদেশের ক্রিকেটার মোস্তাফিজুর রহমানকে বাদ দেয়। এর পাল্টা হিসেবে বিশ্বকাপ খেলতে ভারতে যায়নি বাংলাদেশ ক্রিকেট দল।

(ডয়চে ভেলে ওয়েব পেজ: ০৭.০৪.২০২৬ রুবাইয়া)

## বিসিবির পরিচালনা পর্ষদ ভেঙে এডহক কমিটি, সভাপতি তামিম ইকবাল

বিসিবির বর্তমান পরিচালনা পর্ষদ ভেঙে দিয়েছে জাতীয় ক্রীড়া পরিষদ (এনএসসি)। আজ মঙ্গলবার বিকেলে সংবাদ সম্মেলনে এ কথা জানিয়েছেন এনএসসির ক্রীড়া পরিচালক আমিনুল এহসান। সংবাদ সম্মেলনে আমিনুল এহসান জানান, জাতীয় দলের সাবেক অধিনায়ক তামিম ইকবালের নেতৃত্বে বিবিসিতে তিন মাস মেয়াদে ১১ সদস্য বিশিষ্ট এডহক কমিটি গঠন করা হয়েছে। বর্তমান পরিচালনা পর্ষদ ভেঙে দেওয়ার কথা আইসিসিকে ই-মেইলে জানিয়ে এডহক কমিটির নামও পাঠানো হয়েছে অনুমোদনের জন্য। এডহক কমিটির অন্য সদস্যরা হলেন- রাশনা ইমাম, মির্জা ইয়াসির আব্বাস, সৈয়দ ইব্রাহিম আহমেদ, ইসরাফিল খসরু, মিনহাজুল আবেদীন, আতহার আলী খান, তানজিল চৌধুরী, সালমান ইস্পাহানি, রফিকুল ইসলাম, ফাহিম সিনহা। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ০৭.০৪.২০২৬ রুবাইয়া)

# জাগো নিউজ

## অন্তবর্তী সরকারের দুর্নীতির অভিযোগের তদন্ত করবে সরকার

অন্তবর্তী সরকারের বিরুদ্ধে ওঠা দুর্নীতির অভিযোগ তদন্ত করা হবে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রীর তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় বিষয়ক উপদেষ্টা ডা. জাহেদ উর রহমান। মঙ্গলবার সচিবালয়ে তথ্য অধিদপ্তরের সম্মেলন কক্ষে আয়োজিত

এক সংবাদ সম্মেলনে তিনি এ কথা জানান। একইসঙ্গে তিনি নীতি ও কৌশল এবং সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের উপদেষ্টার দায়িত্বও পালন করছেন। অন্তবর্তী সরকারের বিভিন্ন মন্ত্রণালয়ে দুর্নীতির অভিযোগ উঠেছে। এ বিষয়ে বর্তমান সরকার তদন্ত করবে কি না- এমন প্রশ্নের জবাবে উপদেষ্টা বলেন, “নিশ্চয়ই করবে। আপনারা জানেন, দুর্নীতি দমন কমিশন এখনো পুনর্গঠিত হয়নি। কমিশন পুনর্গঠিত হলে এসব কাজ তাদের মাধ্যমেই শুরু হবে। দুর্নীতি মানেই কে করেছে, শুধু সেই বিষয় নয়, এই সরকারের সময়েও এ ধরনের কোনো ঘটনা ঘটছে কি না, সেটিও দেখা হবে।” তিনি বলেন, “দুর্নীতির লাগাম টানতে সরকার প্রতিশ্রুতিবদ্ধ। এ কারণে সরকারের ভেতরেও কোনো অনিয়ম হচ্ছে কি না, সে বিষয়ে খোঁজ-খবর রাখা হবে।” অটোরিকশার ব্যাটারি চার্জে অতিরিক্ত বিদ্যুৎ খরচ এবং এ যান নিয়ন্ত্রণে সরকারের পরিকল্পনা সম্পর্কে জানতে চাইলে উপদেষ্টা বলেন, অটোরিকশা অবশ্যই নিয়মের মধ্যে আনতে হবে। এটি শুধু বিদ্যুতের বিষয় নয়, সড়ক নিরাপত্তার সঙ্গেও জড়িত।” (জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৪.২০২৬ আসাদ)

## লালবাগে হত্যাচেষ্টা মামলায় গ্রেফতার দেখানো হলো শিরীন শারমিন চৌধুরীকে

রাজধানীর লালবাগে বৈষম্যবিরোধী আন্দোলনের সময় হত্যাচেষ্টা ও ভাঙচুরের মামলায় গ্রেফতার দেখানো হলো জাতীয় সংসদের সাবেক স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীকে। মঙ্গলবার ভোর সাড়ে ৪টার দিকে রাজধানীর ধানমন্ডির ৮/এ রোডের একটি বাসা থেকে তাকে আটক করা হয়। ডিবির অতিরিক্ত পুলিশ কমিশনার মো. শফিকুল ইসলাম বলেন, তাকে ডিএমপির লালবাগ থানার একটি বৈষম্যবিরোধী আন্দোলনের সময় হত্যাচেষ্টা ও ভাঙচুরের মামলায় গ্রেফতার দেখানো হয়েছে। এই মামলার বাদী মো. আশরাফুল। মামলার অন্য আসামিদের মধ্যে ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও সাবেক সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদেরও রয়েছেন। শিরীন শারমিন চৌধুরী এই মামলার ৩ নম্বর আসামি। ডিবি প্রধান বলেন, শিরীন শারমিনের বিরুদ্ধে আরও কয়েকটি মামলা রয়েছে। মামলাগুলো তদন্ত চলছে। (জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৪.২০২৬ আসাদ)

## করোনা মোকাবিলায় ৪ হাজার কোটি টাকা বরাদ্দ দেওয়া হয়েছিল

২০২০-২০২১ অর্থবছর থেকে এ পর্যন্ত করোনাভাইরাস মোকাবিলায় ভ্যাকসিনসহ বিভিন্ন সরঞ্জাম আমদানি ও ক্রয়ে ৪ হাজার ৬৮৫ কোটি ২২ লাখ টাকার বরাদ্দ দেওয়া হয়েছিল বলে জানিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী সরদার সাখাওয়াত হোসেন। মঙ্গলবার জাতীয় সংসদে করোনা মহামারি মোকাবিলায় ভ্যাকসিন ও সরঞ্জাম ক্রয়ে সরকারের ব্যয় ও স্বচ্ছতা নিয়ে ফেনী-২ আসনে বিএনপির সংসদ সদস্য জয়নাল আবদিনের এক লিখিত প্রশ্নের জবাবে এ তথ্য জানান মন্ত্রী। সংসদ সদস্য জয়নাল আবদিন প্রশ্ন করেন, বিগত করোনাভাইরাস মৌসুমে মহামারি মোকাবিলায় সরকার কর্তৃক ভ্যাকসিনসহ করোনা সরঞ্জাম আমদানি ও কেনাকাটায় বরাদ্দ ও ব্যয়ের হিসাব কী, ভ্যাকসিন আমদানিতে কোনো অনিয়ম ও দুর্নীতি হয়েছে কি না, হলে তদন্তপূর্বক ব্যবস্থা গ্রহণ করা হবে কি না। স্বাস্থ্যমন্ত্রী বলেন, ২০২০-২০২১ অর্থবছর থেকে এ পর্যন্ত করোনা পরিস্থিতি মোকাবিলায় ভ্যাকসিনসহ বিভিন্ন সরঞ্জাম আমদানি ও ক্রয়ের জন্য মোট ৪ হাজার ৬২৫ কোটি ২২ লাখ টাকার বরাদ্দ দেওয়া হয়। এর মধ্যে ভ্যাকসিন ক্রয়ে ব্যয় হয়েছে ৪ হাজার ৬৮৫ কোটি ২ হাজার ২ লাখ ২৯৭ টাকা বরাদ্দ করা হয়েছিল। এই বরাদ্দ থেকে ভ্যাকসিন ক্রয়ে ব্যয় হয়েছে ৪ হাজার ৩৯৪ কোটি ৮ লাখ ২৫ হাজার টাকা। এ ছাড়া সিরিঞ্জ কেনায় ব্যয় হয়েছে ৩০ কোটি ৮৮ লাখ ৮০ হাজার টাকা। ভ্যাকসিন ও সিরিঞ্জ দেশের বিভিন্ন অঞ্চলে পৌঁছে দিতে পরিবহণ খাতে ব্যয় হয়েছে ১৯ কোটি ৫৭ লাখ ৩ হাজার ৩৫৪ টাকা এবং সিরিঞ্জ শিপিং খাতে খরচ হয়েছে ৯৯ লাখ ৭৮ হাজার ৯৮০ টাকা। মন্ত্রী আরও জানান, ভ্যাকসিন ক্রয়-সংক্রান্ত বিষয়ে এখন পর্যন্ত স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ে কোনো অভিযোগ জমা পড়েনি। তবে সরকার স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতে প্রতিশ্রুতিবদ্ধ। এ বিষয়ে সুনির্দিষ্ট অভিযোগ এলে প্রয়োজনীয় ব্যবস্থা নেবে সরকার।

(জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৪.২০২৬ আসাদ)

## শিরীন শারমিনের রিমান্ড ও জামিন নামঞ্জুর, কারাগারে পাঠানোর নির্দেশ

বৈষম্যবিরোধী আন্দোলনের সময় হত্যাচেষ্টা ও ভাঙচুরের ঘটনায় রাজধানীর লালবাগ থানায় করা একটি মামলায় জাতীয় সংসদের সাবেক স্পিকার শিরীন শারমিন চৌধুরীর রিমান্ড ও জামিন নামঞ্জুর করে তাকে কারাগারে পাঠিয়েছেন আদালত। মঙ্গলবার ঢাকার চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আরিফুর রহমানের আদালত এ আদেশ দেন। এর আগে, এ মামলায় তার দুইদিনের রিমান্ড চেয়ে আবেদন করেন মামলার তদন্তকারী কর্মকর্তা ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশের পরিদর্শক মোহসীন উদ্দীন। অন্যদিকে, আসামিপক্ষের আইনজীবী মোকছেদুল হাসান মন্ডল রিমান্ড বাতিল চেয়ে জামিন আবেদন করেন। আদালত উভয়পক্ষের আবেদন নামঞ্জুর করে আসামিকে কারাগারে পাঠানোর আদেশ দেন। পরে আদালতের রাষ্ট্রপক্ষের কৌঁসুলি (পিপি) ওমর ফারুক আদেশের বিষয়টি নিশ্চিত করেন।

(জাগো নিউজ ওয়েব পেজ:০৬.০৪.২০২৬ আসাদ)

## চলতি মাসেই আসছে প্রায় আড়াই লাখ টন ডিজেল-পেট্রোল-অকটেন

চলতি মাসেই ২ লাখ ৪৫ হাজার ৫৪৩ মেট্রিক টন পেট্রোল, ডিজেল ও অকটেন আমদানি করা হবে বলে জানিয়েছেন বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদমন্ত্রী ইকবাল হাসান মাহমুদ টুকু। তিনি বলেন, বৈশ্বিক জ্বালানি সরবরাহে অস্থিরতা থাকা সত্ত্বেও দেশে সব ধরনের জ্বালানির স্বাভাবিক সরবরাহ বজায় রাখতে সরকার কাজ করছে। মঙ্গলবার সংসদে

মৌলভীবাজার-২ আসনের সংসদ সদস্য মো. শওকতুল ইসলামের কার্যপ্রণালির ৭১ বিধিতে আনীত জরুরি জনগুরুত্ব বিষয়ে মনোযোগ আকর্ষণ নোটিশের জবাবে তিনি এসব কথা বলেন। মজুতের চিত্র তুলে ধরে তিনি জানান, বর্তমানে ডিজেলের মজুত ১ লাখ ৬৪ হাজার ৬৪৪ মেট্রিক টন। ৩০ এপ্রিলের মধ্যে আরও ১ লাখ ৩৮ হাজার মেট্রিক টন আসবে। অকটেনের মজুত ১০ হাজার ৫০০ মেট্রিক টন। ৩০ এপ্রিলের মধ্যে আরও ৭১ হাজার ৫৪৩ মেট্রিক টন আসবে। পেট্রোলের মজুত রয়েছে ১৬ হাজার মেট্রিক টন এবং এপ্রিলের মধ্যে আরও ৩৬ হাজার মেট্রিক টন সরবরাহ হবে। (জাগো নিউজ ওয়েব পেজ:০৬.০৪.২০২৬ আসাদ)

## ড. ইউনূস লন্ডনে গিয়ে নির্বাচনের তারিখ নিয়ে এসেছেন : স্থানীয় সরকার প্রতিমন্ত্রী

সাবেক প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস লন্ডনে গিয়ে প্রধানমন্ত্রী তারেক রহমানের কাছে জুলাই-আগস্ট আন্দোলনের ট্রফি দিয়ে নির্বাচনের তারিখ নিয়ে এসেছেন বলে দাবি করেছেন স্থানীয় সরকার প্রতিমন্ত্রী মীর শাহে আলম। মঙ্গলবার জাতীয় সংসদে রাষ্ট্রপতির ভাষণের ওপর আলোচনায় অংশ নিয়ে তিনি এ কথা জানান। তিনটি আন্দোলনের ট্রফি বিএনপির ঘরে বলে দাবি করেন মীর শাহে আলম। তিনি বলেন, ১৯৭১, ১৯৯০ এবং জুলাই-আগস্ট; তিনটি আন্দোলনের ট্রফিই আমাদের ঘরে। এরকম ট্রফি শুধু বিএনপির ঘরে, অন্য কোনো রাজনৈতিক দল দেখাতে পারবে না। আওয়ামী লীগ ৭১ ও ৯০ বলতে পারবে, কিন্তু জুলাই-আগস্টের ট্রফি তাদের ঘরে নেই। বিরোধীদলের বন্ধুরা জুলাই-আগস্ট বলতে পারবে, কিন্তু ৭১ ও ৯০ বলতে পারবে না। এসময় বিরোধীদলীয় নেতারা হইচই করেন। তখন প্রতিমন্ত্রী বলেন, বিরোধীদলের এমপিরা হইচই করতে পারেন। তারা নব্বইয়ের কথা বলতে পারেন। ১৯৮৬ সালের নির্বাচনে ঢাক-ঢোল পিটিয়ে তারাই আওয়ামী লীগের নির্বাচনে গিয়েছিলেন, আমরা যাইনি।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৬.০৪.২০২৬ আসাদ)

## সংসদে তিন মেডিকেল বিশ্ববিদ্যালয় সংশোধন বিল পাস

তিনটি মেডিকেল বিশ্ববিদ্যালয় সংশোধন বিল পাস হয়েছে জাতীয় সংসদে। মঙ্গলবার সকাল সাড়ে ১০টায় স্পিকার হাফিজ উদ্দিন আহমেদের সভাপতিত্বে সংসদের অধিবেশন শুরু হয়। অধিবেশনে এসব বিল সর্বসম্মতিক্রমে পাস হয়। বিলগুলো হলো- বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় সংশোধন বিল ২০২৬, শেখ হাসিনা মেডিকেল বিশ্ববিদ্যালয় খুলনা সংশোধন বিল ২০২৬ এবং বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেসা মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় সিলেট সংশোধন বিল ২০২৬। (জাগো নিউজ ওয়েব পেজ:০৬.০৪.২০২৬ আসাদ)

## দুপুর ১২টায় খুলে রাত ৯টা পর্যন্ত ব্যবসা করার সুযোগ চান দোকান মালিকরা

সারাদেশে দোকান, বাণিজ্য বিতান ও শপিংমল খোলা রাখার বিষয়ে সরকারের বেধে দেওয়া সময়ের বিষয়টি পুনর্বিবেচনার জন্য প্রধানমন্ত্রী তারেক রহমানের প্রতি বিশেষ অনুরোধ জানিয়েছে বাংলাদেশ দোকান ব্যবসায়ী মালিক সমিতি। দোকান ব্যবসায়ী মালিক সমিতি বলছে, তারা দুপুর ১২টায় দোকান-শপিংমল খুলে রাত ৯টা পর্যন্ত ব্যবসা করার সুযোগ চান। মঙ্গলবার গণমাধ্যমে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে সরকারপ্রধানের প্রতি এমন অনুরোধ জানিয়েছে সংগঠনটি। সংগঠনটির সভাপতি নাজমুল হাসান মাহমুদ ও সাধারণ সম্পাদক আরিফুর রহমান টিপুর সই করা সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, ৭০ লাখ দোকান ব্যবসায়ীদের আঙিনা ১২ কোটি ক্রেতার পদচারণায় মুখরিত থাকে। দেশের অর্থনীতির চাকা সচল রাখার স্বার্থে ঢাকাসহ সারা দেশের সব দোকান, বাণিজ্য বিতান ও শপিংমল দুপুর ১২টা থেকে রাত ৮টা বা ৯টা পর্যন্ত খোলা রাখার বিষয়টি পুনর্বিবেচনার জন্য প্রধানমন্ত্রীকে বিশেষভাবে অনুরোধ করছি। সেখানে জানানো হয়, সোমবার বাংলাদেশ দোকান ব্যবসায়ী মালিক সমিতির স্ট্যান্ডিং কমিটির এক জরুরি ভার্চুয়াল সভা অনুষ্ঠিত হয়েছে। সন্ধ্যা ৭টার পর দোকান বন্ধ রাখার সিদ্ধান্তে ব্যবসায় বড়ো ধরনের নেতিবাচক প্রভাব ফেলেছে। কারণ, খুচরা বিক্রির প্রায় ৬০-৭০ শতাংশই হয় সন্ধ্যার পর। এ সময়টাই পিক আওয়ার।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৪.২০২৬ আসাদ)

## প্রয়োজনে আগামী মাস থেকে জ্বালানি তেলের মূল্যবৃদ্ধির চিন্তা করবে সরকার : জ্বালানি মন্ত্রী

পরিস্থিতি দেখে আগামী মাস থেকে প্রয়োজনে জ্বালানি তেলের মূল্যবৃদ্ধির চিন্তা করবে সরকার বলে জাতীয় সংসদকে জানিয়েছেন জ্বালানিমন্ত্রী ইকবাল হাসান মাহমুদ টুকু। মঙ্গলবার জাতীয় সংসদে জরুরি জনগুরুত্বপূর্ণ বিষয়ে সরকারদলীয় এমপি শওকতুল ইসলামের প্রশ্নের জবাবে এ কথা জানান মন্ত্রী। শওকতুল ইসলাম তার প্রশ্নে জ্বালানি তেলের দাম বাড়াবে কি না জানতে চান। জবাবে জ্বালানিমন্ত্রী ইকবাল হাসান মাহমুদ টুকু বলেন, জ্বালানি তেলের মূল্যবৃদ্ধির জন্য একটি আইন আছে। সে আইন অনুসারে আমরা প্রতি মাসে দামের সমন্বয় করি। গত মাসে সমন্বয় করে দাম বাড়ায়নি। আগামী মাসে আমরা দামের ওপর কাজ করছি। কাজ করে যদি সমন্বয় করে দেখা যায় মূল্যবৃদ্ধি করা এখনই প্রয়োজন, তাহলে আমরা আলোচনা করে মন্ত্রিসভায় নিয়ে মূল্যবৃদ্ধির কথা চিন্তা করবো।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৬.০৪.২০২৬ আসাদ)

## ৪৭তম বিসিএসের লিখিত পরীক্ষার ফল প্রকাশ, পাশ ৩৬৩১

৪৭তম বিসিএসের লিখিত পরীক্ষার ফল প্রকাশ করা হয়েছে। এতে উত্তীর্ণ হয়েছেন ৩৬৩১ জন। মঙ্গলবার এ ফল প্রকাশ করে সরকারি কর্ম কমিশন পিএসসি। গত বছরের ২৭ নভেম্বর ৪৭তম বিসিএস লিখিত পরীক্ষা শুরু হয়ে ১৮

ডিসেম্বর শেষ হয়। প্রিলিমিনারিতে উত্তীর্ণ ১০ হাজার ৬৪৪ জন প্রার্থী ৮টি বিভাগীয় কেন্দ্রে এই পরীক্ষায় অংশ নেন। এর আগে, গত বছরের ১৯ সেপ্টেম্বর ৪৭তম বিসিএস প্রিলিমিনারি পরীক্ষা নেওয়া হয়। পরীক্ষার মাত্র ৯ দিনের মাথায় ২৮ সেপ্টেম্বর ফল প্রকাশ করা হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৪.২০২৬ আসাদ)

## হাম ও হাম সন্দেহে আরও ১১ জনের মৃত্যু

দেশে সন্দেহজনক হাম রোগে আরও ১০ জন মারা গেছেন। সেই সঙ্গে নিশ্চিত হামে একজনের মৃত্যুর ঘটনা ঘটেছে। এছাড়া, নতুন করে হাম আক্রান্ত হয়েছেন ২২৪ জন এবং সন্দেহজনক হাম নিয়ে হাসপাতালে এসেছেন এক হাজার ২৩৬ জন। মঙ্গলবার (৭ এপ্রিল) স্বাস্থ্য অধিদপ্তরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার অ্যান্ড কন্ট্রোল রুমের দেওয়া সংবাদ বিজ্ঞপ্তিতে এসব তথ্য পাওয়া গেছে। (জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৪.২০২৬ আসাদ)

## চলমান যুদ্ধের প্রভাব নিয়ে কুয়েতে বাংলাদেশ-তুরস্ক আলোচনা

উপসাগরীয় অঞ্চলে চলমান যুদ্ধ ও এর প্রভাব নিয়ে বাংলাদেশ ও তুরস্কের মধ্যে আলোচনা হয়েছে। কুয়েতে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত মেজর জেনারেল সৈয়দ তারেক হোসেন এবং সেখানে নিযুক্ত তুরস্কের রাষ্ট্রদূত তুবা নুর সোনমেজের মধ্যে সৌজন্য সাক্ষাৎকালে এ বিষয়ে আলোচনা হয়। স্থানীয় সময় সোমবার কুয়েতে অবস্থিত বাংলাদেশ দূতাবাসে তাদের মধ্যে এই সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। কুয়েতের বাংলাদেশ দূতাবাস জানায়, রাষ্ট্রদূত সোনমেজ বাংলাদেশের ৫৬তম স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষ্যে আন্তরিক শুভেচ্ছা জ্ঞাপন করেন। এ সময় উভয়পক্ষ আঞ্চলিক পরিস্থিতি ও পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করেন। তারা উপসাগরীয় অঞ্চলে চলমান সংঘাত, আঞ্চলিক স্থিতিশীলতার ওপর এর প্রভাব এবং বৈশ্বিক পরিমণ্ডলে সম্ভাব্য প্রতিক্রিয়া নিয়েও মতবিনিময় করেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৪.২০২৬ আসাদ)

## শাহজালাল বিমানবন্দরে অর্ধকোটি টাকার সিগারেট জব্দ

রাজধানীর হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তরের (সিআইআইডি) অভিযানে প্রায় ৫৯ লাখ ৮৮ হাজার টাকার ২ লাখ ৯৯ হাজার ৪০০ শলাকা অবৈধ সিগারেট জব্দ করা হয়েছে। মঙ্গলবার (৭ এপ্রিল) গোপন সংবাদের ভিত্তিতে অভিযানটি পরিচালনা করা হয়। কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তরের (সিআইআইডি) এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। এতে বলা হয়, দুবাই থেকে আগত ফ্লাইট এফজেড-৫০১, বিজি-১৪৮ ও বিএস-৩৪২-এর যাত্রীদের ব্যাগেজ তল্লাশি করে সুকৌশলে লুকানো অবস্থায় সাত যাত্রীর কাছ থেকে এসব সিগারেট উদ্ধার করা হয়। এসব সিগারেটের পরিমাণ ছিল ১ হাজার ২৫৩ কার্টুন। কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর জানিয়েছে, গত ৫ এপ্রিল দুবাই থেকে আগত ফ্লাইট এফজেড-৫২৩-এর একটি পরিত্যক্ত লাগেজ, যা বিমানবন্দরের লস্ট অ্যান্ড ফাউন্ডে সংরক্ষিত ছিল, সেখান থেকে আরও ২৪৪ কার্টুন অবৈধ সিগারেট জব্দ করা হয়। সব মিলিয়ে উদ্ধার হওয়া ১ হাজার ৪৯৭ কার্টুন সিগারেট পরবর্তী আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য কাস্টম হাউস ঢাকায় জমা দেওয়া হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ: ০৭.০৪.২০২৬ রিহাব)

## শেখ হাসিনা ও হাদি হত্যার আসামিদের ফেরত চাইবে বাংলাদেশ

জুলাই গণ-অভ্যুত্থানের সময় সংঘটিত মানবতাবিরোধী অপরাধের মামলায় ফাঁসির দণ্ডপ্রাপ্ত সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে এবং ইনকিলাব মঞ্চের আহ্বায়ক শহিদ শরিফ ওসমান বিন হাদি হত্যা মামলার আসামিদের প্রত্যর্পণের জন্য ভারত সরকারের কাছে আহ্বান জানাবে বাংলাদেশ। পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান মঙ্গলবার (৭ এপ্রিল) ভারত সফরে রওয়ানা হয়েছেন। তিনি মরিশাসে মহাসাগরীয় সম্মেলনে অংশ নিতে দিল্লি সফর করবেন। দুইদিনের সফরে তিনি প্রথম দিন ভারতের জাতীয় নিরাপত্তা উপদেষ্টা অজিত দোভাল এবং পরের দিন পররাষ্ট্রমন্ত্রী এস জয়শঙ্করের সঙ্গে বৈঠক করবেন। বৈঠকে হাদি হত্যা মামলার আসামিদের প্রত্যর্পণ এবং ভারতে অবস্থানরত সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ফেরত দেওয়ার বিষয় উত্থাপন হবে। পররাষ্ট্র মন্ত্রণালয়ের এক শীর্ষ কর্মকর্তা জানান, ভারত সরকারের সঙ্গে আলোচনায় শহিদ শরিফ ওসমান বিন হাদি হত্যা মামলার আসামিদের প্রত্যর্পণ প্রসঙ্গও রয়েছে। ভারতে থাকা কিছু আসামির বিচার সম্পন্ন হয়েছে, আর কিছু মামলা চলমান। বাংলাদেশ আশা করছে, ভারত ইনকিলাব মঞ্চের প্রধান হাদি হত্যা মামলার অভিযুক্তদের ফেরত দেবে, তবে আইনি প্রক্রিয়ার কারণে তা তৎক্ষণাৎ নাও হতে পারে।
(জাগো নিউজ ওয়েব পেজ: ০৭.০৪.২০২৬ রিহাব)

## দিল্লি পৌঁছেছেন খলিলুর রহমান, অংশীদারত্ব জোরদারের বার্তা

পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান ও প্রধানমন্ত্রীর পররাষ্ট্রবিষয়ক উপদেষ্টা হুমায়ুন কবির ভারতের রাজধানী দিল্লিতে পৌঁছেছেন। মঙ্গলবার (৭ এপ্রিল) বিকেলে দিল্লির উদ্দেশ্যে তারা ঢাকা ত্যাগ করেন। এরই মধ্যে তাদের দিল্লি পৌঁছানোর তথ্য নিশ্চিত করেছে ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়। ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ের এক বার্তায় বলা হয়েছে, বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী খলিলুর রহমান আজ নয়াদিল্লিতে পৌঁছালে তাকে উষ্ণ অভ্যর্থনা জানানো হয়। ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ের বাংলাদেশ-মিয়ানমার শাখার দায়িত্বে থাকা যুগ্মসচিব বি শ্যাম খলিলুর রহমান ও হুমায়ুন কবিরকে স্বাগত জানান। বার্তায় বলা হয়, ভারত ও বাংলাদেশের মধ্যে উষ্ণ এবং ঐতিহাসিক সম্পর্ক রয়েছে, যার শক্তি দুই দেশের মানুষের সম্পর্কের মধ্যে নিহিত। এই সফর ভারত-বাংলাদেশ অংশীদারিত্বকে আরও জোরদার করবে।

সফরসূচি অনুযায়ী, বুধবার (৮ এপ্রিল) খলিলুর রহমান ভারতের পররাষ্ট্রমন্ত্রী এস জয়শঙ্করের সঙ্গে বৈঠক করবেন। পাশাপাশি তিনি ভারতের পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাসবিষয়ক মন্ত্রী হারদীপ সিং পুরি এবং ভারতের বাণিজ্যমন্ত্রী পীযূষ গোয়েলের সঙ্গে সাক্ষাৎ করবেন। (জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৪.২০২৬ রিহাব)

## তেলপাম্পে পরিস্থিতি সামলাতে হিমশিম খাচ্ছেন বিক্রয় কর্মীরা

মধ্যপ্রাচ্যের যুদ্ধের প্রভাবে দেশে তেল সংকট তৈরি হওয়ায়, রাজধানীর পেট্রোল পাম্পগুলোতে তেলের সরবরাহ অপ্রতুল হয়ে পড়েছে। অনেক পাম্পে যানবাহনে তেল দেওয়া বন্ধ রয়েছে, আর যেখানে তেল সরবরাহ চালু রয়েছে, সেখানে মোটরসাইকেল, প্রাইভেটকার ও বাসের দীর্ঘ সারি দেখা যাচ্ছে। এ পরিস্থিতিতে গ্রাহকদের চাপ সামলাতে হিমশিম খাচ্ছেন পাম্পের কর্মীরা। মঙ্গলবার (৭ এপ্রিল) বিকেলে রাজধানীর বিভিন্ন তেল পাম্পে কর্মরত কর্মীদের সঙ্গে কথা বললে এমন তথ্য জানান তারা। সরেজমিনে মেঘনা পাম্প ও ট্রাস্ট ফুয়েল স্টেশন ঘুরে দেখা যায়, উভয় পাম্পের সামনে তেল নিতে আসা যানবাহনের দীর্ঘ সারি লেগে রয়েছে। একের পর এক গাড়িতে তেল দেওয়ার কাজে ব্যস্ত রয়েছেন পাম্পে কর্মরত শ্রমিকরা। মেঘনা ফিলিং স্টেশনের সামনে উল্টো দিকের গেট দিয়ে গাড়ি প্রবেশের জটলার কারণে নিরাপত্তা কর্মীরাও হিমশিম খাচ্ছেন। মেঘনা ফিলিং স্টেশনের তেল বিক্রয় প্রতিনিধি রবিন বলেন, "ডিউটি শুরুর পর থেকে বিশ্রাম নেওয়ার সুযোগ নেই। সকালে দাঁড়িয়ে তেল দেওয়া শুরু করি এবং ডিউটি শেষ হলে বসার সুযোগ পাই। মাঝে মধ্যে খাওয়ারও সময় হয় না।" (জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৪.২০২৬ রিহাব)

## ভোলা-বরিশালে হবে ১১ কিলোমিটার সেতু, ব্যয় ১৭৪৬৬ কোটি

ভোলা-বরিশালের মধ্যে সড়কপথে যোগাযোগের লক্ষ্যে প্রায় ১১ কিলোমিটার দীর্ঘ সেতু নির্মাণ করা হবে। এটি তেঁতুলিয়া নদীর ওপর নির্মাণের পরিকল্পনা রয়েছে, যার ব্যয় ধরা হয়েছে ১৭ হাজার ৪৬৬ কোটি টাকাও বেশি। মঙ্গলবার (৭ এপ্রিল) সংসদ অধিবেশনে এ তথ্য জানান সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী শেখ রবিউল আলম। অধিবেশনে সংসদ সদস্য আন্দালিব রহমান পার্থ এক জনগুরুত্বসম্পন্ন মনোযোগ আকর্ষণ নোটিশে সেতুটির গুরুত্বের কথা তুলে ধরেন। এর পরিপ্রেক্ষিতে মন্ত্রী তথ্যগুলো জানান। শেখ রবিউল আলম বলেন, প্রকল্পটি এখনো অনুমোদনহীন, উচ্চ অগ্রাধিকার তালিকায় রয়েছে। এটি বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে (এডিপি) অন্তর্ভুক্ত থাকলেও, চূড়ান্ত অনুমোদনের অপেক্ষায় আছে। খুব শিগ্গিরই নির্মাণ শুরুর তারিখ ঘোষণা করা হবে বলে আশা করা হচ্ছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৪.২০২৬ রিহাব)

## অনাহারে নৌকায় মৃত্যু, সাগরে ভাসিয়ে দেওয়া হয় লুৎফুর-জুনাইদের মরদেহ

ভূমধ্যসাগরে ডুবে গেছে হবিগঞ্জের দুই যুবকের ইতালি যাওয়ার স্বপ্ন। খাবার আর পানির অভাবে নৌকাতেই নিভে গেছে প্রাণ। তবুও হাত ছাড়তে চাননি সহযাত্রীরা। নিথর দেহটি তীরে নিয়ে যাওয়ার ইচ্ছা ছিল। দিতে চেয়েছিলেন কবর। কিন্তু তাদের সে চেষ্টা আর সফল হয়ে ওঠেনি। মরদেহে পচন ধরেছে। শেষ পর্যন্ত বুকে পাথর চাপা দিয়ে প্রিয় সহযাত্রীদের মরদেহ ছেড়ে দিতে হয়েছে সমুদ্রে। ৯ দিন ধরে মিলছে না তাদের মরদেহ। সুখের স্বপ্ন দেখা পরিবারগুলো স্বজন হারিয়ে এখন দিশাহারা হয়ে পড়েছে। নিহত দুই যুবক হবিগঞ্জ সদর উপজেলার সানাবই গ্রামের সিরাজুল ইসলামের ছেলে লুৎফুর রহমান তালুকদার (৪৫) এবং তার ভায়রা লাখাই উপজেলার সিংহগ্রামের বাসিন্দা জুনাইদ মিয়া (৪০)। তারা গত ডিসেম্বরে সদর উপজেলার রিচি গ্রামের দালাল আব্দুস সালামের মাধ্যমে ইতালির উদ্দেশ্যে লিবিয়ায় যান। একই নৌকায় তাদের সহযাত্রী বেঁচে যাওয়া সুনামগঞ্জের দিরাইয়ের আকমল মিয়া তাদের মৃত্যুর বিষয়টি নিশ্চিত করেছেন। তিনি বর্তমানে গ্রিসের শরণার্থী ক্যাম্পে অবস্থান করছেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৪.২০২৬ রিহাব)

## তেজগাঁওয়ে বিশেষ অভিযানে গ্রেফতার ৫৬

ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) তেজগাঁও বিভাগের অভিযানে গত ২৪ ঘণ্টায় বিভিন্ন অপরাধে জড়িত ৫৬ জনকে গ্রেফতার করা হয়েছে। মঙ্গলবার (৭ এপ্রিল) ঢাকা মেট্রোপলিটন পুলিশের মিডিয়া অ্যান্ড পাবলিক রিলেশন্স বিভাগের উপ-পুলিশ কমিশনার এন এম নাসিরুদ্দিন এ তথ্য নিশ্চিত করেন। এন এম নাসিরুদ্দিন বলেন, মঙ্গলবার (৭ এপ্রিল ) নিয়মিত অভিযান পরিচালনা করে তাদের গ্রেফতার করা হয়। গ্রেফতারদের মধ্যে নিয়মিত মামলায় সাতজন, পুরোনো মামলায় নয়জন ও গ্রেফতারি পরোয়ানামূলে পাঁচজন আসামি রয়েছে। এছাড়া ডিএমপি অধ্যাদেশে ৩৫ জনকে গ্রেফতার করা হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৪.২০২৬ রিহাব)

## নিকুঞ্জে আবাসিক ভবনে মদ ও সিসার বার, চলছে অভিযান

রাজধানীর নিকুঞ্জ এলাকায় একটি আবাসিক ভবনে গোপনে পরিচালিত মিনি মদের বার ও সিসা (হুক্কা) বারের সন্ধান পেয়েছে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর (ডিএনসি)। অভিযানে বিপুল পরিমাণ বিদেশি মদ, সিসা সরঞ্জাম ও হুক্কা উদ্ধার করা হয়েছে। মঙ্গলবার (৭ এপ্রিল) রাত ৯টার দিকে এ তথ্য জানিয়েছেন ডিএনসির উপ-পরিচালক মেহেদী হাসান। তিনি বলেন, গোপন সংবাদের ভিত্তিতে নিকুঞ্জের একটি আবাসিক ভবনে অভিযান চালানো হয়। এসময় ভবনের ভেতরে অবৈধভাবে পরিচালিত মিনি বার ও সিসা বারের কার্যক্রমের প্রমাণ পাওয়া যায়। অভিযানে বিভিন্ন ব্র্যান্ডের

বিদেশি মদ, সিসা তৈরির সরঞ্জাম ও একাধিক হুক্কা জব্দ করা হয়। প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে, দীর্ঘদিন ধরে গোপনে অবৈধ ব্যবসা পরিচালিত হচ্ছিল এবং নির্দিষ্ট গ্রাহকদের সেবা দেওয়া হতো।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৪.২০২৬ রিহাব)

## সিভিল কর্মচারীদের অযথা 'স্যার' বলা যাবে না, কারা অধিদপ্তরের নির্দেশনা

সিভিল কর্মচারীদের প্রতি কারাগারে কর্মরত ইউনিফর্মধারী সদস্যদের অতিরিক্ত ভক্তিসূচক 'স্যার' সম্বোধন পরিহারের নির্দেশনা দিয়েছে কারা অধিদপ্তর। অধিদপ্তরের অতিরিক্ত কারা মহাপরিদর্শক কর্নেল মোহাম্মদ মোস্তফা কামাল স্বাক্ষরিত এক নির্দেশনায় এ তথ্য জানানো হয়েছে। এতে বলা হয়, সাম্প্রতিক সময়ে লক্ষ্য করা গেছে- কারারক্ষী, সহকারী প্রধান কারারক্ষী ও প্রধান কারারক্ষীদের মধ্যে কেউ কেউ সিভিল কর্মচারীদের প্রতি অতিরিক্ত ভক্তিসূচক আচরণ প্রদর্শন করে 'স্যার' সম্বোধন ব্যবহার করছেন, যা দাপ্তরিক কাঠামোর সাথে অসামঞ্জস্যপূর্ণ বলে বিবেচিত হয়েছে। এ বিষয়ে আগেও নির্দেশনা দেওয়া হলেও, তা যথাযথভাবে প্রতিপালিত হচ্ছে না। এর ফলে কিছু ক্ষেত্রে অতিরিক্ত তোয়াজের মাধ্যমে ব্যক্তিগত সুবিধা গ্রহণের অভিযোগও উঠেছে, যা একটি শৃঙ্খলাবদ্ধ বাহিনীর জন্য অনাকাঙ্ক্ষিত পরিস্থিতি তৈরি করছে। (জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৪.২০২৬ রিহাব)

## বিমানের নতুন এমডি কাইজার সোহেল আহমেদ

বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের নতুন ব্যবস্থাপনা পরিচালক (এমডি) নিয়োগ পেয়েছেন বিমান বাহিনীর সাবেক কর্মকর্তা কাইজার সোহেল আহমেদ। এক বছরের জন্য তাকে চুক্তিতে নিয়োগ দিয়ে মঙ্গলবার (৭ এপ্রিল) জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে প্রজ্ঞাপন জারি করা হয়েছে। একইসঙ্গে রাষ্ট্রীয় পতাকাবাহী এয়ারলাইন্সটির উপ-ব্যবস্থাপনা পরিচালক (ডিএমডি) নিয়োগ পেয়েছেন বিমানের সাবেক কর্মকর্তা সৈয়দ মইন উদ্দিন আহমেদ। কাইজার সোহেল আহমেদকে এমডি নিয়োগের প্রজ্ঞাপনে বলা হয়, অন্য যে-কোনো পেশা, ব্যবসা, কিংবা সরকারি, আধা-সরকারি, বেসরকারি প্রতিষ্ঠান বা সংগঠনের সঙ্গে কর্ম-সম্পর্ক পরিত্যাগের শর্তে তাকে এ নিয়োগ দেওয়া হয়েছে। যোগদানের তারিখ থেকে এ নিয়োগ কার্যকর হবে। নিয়োগের অন্যান্য শর্ত চুক্তিপত্র দিয়ে নির্ধারিত হবে বলে প্রজ্ঞাপনে জানানো হয়। অপর আদেশে মো. হাবিব উল্লাহ মনজুকে একই শর্তে চুক্তিতে পরবর্তী এক বছরের জন্য বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের পরিচালক-অর্থ (ডিরেক্টর ফাইন্যান্স) নিয়োগ দেওয়া হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৪.২০২৬ রিহাব)

## ঝিনাইদহের ডিসি আব্দুল্লাহ আল মাসউদকে সরানো হলো

এক নারী উপজেলা নির্বাহী কর্মকর্তার (ইউএনও) অডিও ভাইরাল হওয়ার পর সরানো হলো ঝিনাইদহের জেলা প্রশাসক (ডিসি) আব্দুল্লাহ আল মাসউদকে। তাকে পরবর্তী পদায়নের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে ন্যস্ত করে মঙ্গলবার (৭ এপ্রিল) প্রজ্ঞাপন জারি করা হয়। একইসঙ্গে ঝিনাইদহের নতুন জেলা প্রশাসক নিয়োগ পেয়েছেন খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদের মুখ্য নির্বাহী কর্মকর্তা (উপ-সচিব) মো. নোমান হোসেন। তাকে এ নিয়োগ দিয়ে আলাদা প্রজ্ঞাপন জারি করেছে জনপ্রশাসন মন্ত্রণালয়। গত ৩ এপ্রিল মাসউদের বিরুদ্ধে ঝিনাইদহ সদরের সদ্য বিদায়ি ইউএনও হোসনে আরার একটি অডিও ভাইরাল হয়। ওই অডিওতে জেলা প্রশাসকের বিরুদ্ধে চরম ক্ষোভ প্রকাশ করেন তিনি।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৪.২০২৬ রিহাব)

## হুড়োহুড়িতে আদালতের সিঁড়িতে পড়ে গেলেন শিরীন শারমিন

ঢাকার আদালতে রিমান্ড শুনানি শেষে সাবেক স্পিকার শিরীন শারমিন চৌধুরীকে হাজতখানায় নেওয়ার সময় আইনজীবীদের হট্টগোলের মধ্যে বিশৃঙ্খল পরিস্থিতির সৃষ্টি হয়। এ সময় আদালতের সিঁড়ি দিয়ে নামানোর সময় হুড়োহুড়িতে পড়ে যান তিনি। মঙ্গলবার (৭ এপ্রিল) দুপুরে ঢাকার মহানগর হাকিম আদালতের সিঁড়িতে পড়ে যান শিরীন শারমিন চৌধুরী। এ সময় কয়েকজন নারী পুলিশ সদস্যও পড়ে যান। ব্যথায় চিৎকার করলে পুলিশ সদস্যরা দ্রুত তাকে তুলে নেন। একই দিন ভোর সাড়ে ৪টার দিকে রাজধানীর ধানমন্ডির ৮/এ রোডের একটি বাসা থেকে তাকে গ্রেফতার করে ডিবি পুলিশ। অভ্যুত্থানের সময়কার আশরাফুল ওরফে ফাহিম হত্যাচেষ্টা মামলায় তাকে গ্রেফতার দেখিয়ে আদালতে হাজির করা হয়। আজ দুপুরে মামলার তদন্ত কর্মকর্তা ডিবি পুলিশের লালবাগ জোনাল টিমের ইন্সপেক্টর মোহসীন উদ্দীন তার দুই দিনের রিমান্ড আবেদন করেন। দুপুর ১টা ৫৫ মিনিটে শিরীন শারমিন চৌধুরীকে আদালতের হাজতখানায় নেওয়া হয় এবং বিকেল সোয়া ৩টার দিকে তাকে এজলাসে তোলা হলে আদালতকক্ষ কানায় কানায় পূর্ণ হয়ে যায়। (জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৪.২০২৬ রিহাব)

## বিচার বিভাগের জন্য পৃথক সচিবালয় প্রতিষ্ঠার পূর্ণাঙ্গ রায় প্রকাশ

বিচার বিভাগের জন্য পৃথক সচিবালয় প্রতিষ্ঠা করার নির্দেশ দিয়ে হাইকোর্টের দেওয়া পূর্ণাঙ্গ রায় প্রকাশ করা হয়েছে। মঙ্গলবার (৭ এপ্রিল) ১৮৫ পৃষ্ঠার এ রায় প্রকাশ করা হয়। এতে তিন মাসের মধ্যে সুপ্রিম কোর্টের জন্য পৃথক স্বাধীন সচিবালয় করার নির্দেশ দেন হাইকোর্ট। একইসঙ্গে অধস্তন আদালতের জন্য ২০১৭ সালে করা শৃঙ্খলাবিধি বাতিল করা হয়। সংশ্লিষ্ট রিটের ওপর জারি করা রুলের চূড়ান্ত শুনানি নিয়ে ২০২৫ সালের ২ সেপ্টেম্বর হাইকোর্টের বিচারপতি

আহমেদ সোহেল ও বিচারপতি দেবাশীষ রায় চৌধুরীর বেঞ্চ এই রায় ঘোষণা করেছিলেন। রায়ে অধস্তন আদালতের দায়িত্ব পালনরত ম্যাজিস্ট্রেটদের নিয়ন্ত্রণ (কর্মস্থল নির্ধারণ, পদোন্নতি ও ছুটি মঞ্জুরিসহ) ও শৃঙ্খলা বিধানের দায়িত্ব রাষ্ট্রপতির- সংবিধানের ১১৬ অনুচ্ছেদের এমন বিধান বাতিল করেন হাইকোর্ট। ফলে অধস্তন আদালতের দায়িত্ব পালনরত ম্যাজিস্ট্রেটদের নিয়ন্ত্রণ ও শৃঙ্খলা বিধানের দায়িত্ব সুপ্রিম কোর্টের ওপর ন্যস্ত হয়।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৪.২০২৬ রিহাব)

## সাবেক এমপি ফজলে করিমকে গুমের মামলায় হাজিরার নির্দেশ

গুম ও হত্যার ঘটনায় করা মানবতাবিরোধী অপরাধের অভিযোগের মামলায় চট্টগ্রাম-৬ (রাউজান) আসনের সাবেক সংসদ সদস্য এ বি এম ফজলে করিম চৌধুরীকে আদালতে হাজির করার নির্দেশ দিয়েছেন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল। একই মামলায় সাবেক সেনা কর্মকর্তা জিয়াউল আহসানকেও হাজির করার নির্দেশ দেওয়া হয়েছে। ট্রাইব্যুনালে তাদের আগামী ১৯ এপ্রিল হাজির করতে বলা হয়েছে। মঙ্গলবার (৭ এপ্রিল) ট্রাইব্যুনাল-২ এর চেয়ারম্যান বিচারপতি নজরুল ইসলাম চৌধুরীর নেতৃত্বাধীন তিন সদস্যের আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের বিচারিক প্যানেল এ আদেশ দেন। ট্রাইব্যুনালের অন্য দুই সদস্য হলেন বিচারক মঞ্জুরুল বাছিদ এবং বিচারক নূর মোহাম্মদ শাহরিয়ার কবীর। এ মামলায় ফজলে করিম ও জিয়াউল আহসানকে ট্রাইব্যুনালে হাজির করার আবেদন করেন প্রসিকিউটর শাইখ মাহদী। (জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৪.২০২৬ রিহাব)

# BBC

## ONE GUNMAN KILLED AND TWO INJURED IN SHOOTING AT ISRAELI CONSULATE IN ISTANBUL

A gunman was killed and two were injured in a shootout near the Israeli consulate in Istanbul. Two policemen were "slightly injured" in the gun fight, Turkish Interior Minister Mustafa Ciftci said. Ciftci said the attackers had come to Istanbul from the city of Izmit by rental car and that two of them were brothers. In a statement on X, the interior ministry named the gunman killed as Yunus E.S., who it said was "connected to the terrorist organisation that exploits religion". That is understood to be a reference to the Islamic State group, though no group has said it was behind the attack. Police were initially quoted as saying two attackers had died, but local governor Davut Gul later clarified that only one had been killed. The two injured attackers were named as Onur Ç and Enes Ç, who the interior ministry said were brothers. The two police officers injured in the shooting were not in life-threatening condition, the ministry's statement added, with one shot in the leg and the other in the ear. (BBC Web page : 07.04.2026 Ali Ahmed)

## AUSTRALIA'S MOST-DECORATED LIVING SOLDIER CHARGED OVER ALLEGED WAR CRIMES

Australia's most-decorated living soldier has been charged over allegations he committed war crimes in Afghanistan. Ben Roberts-Smith - who left the defence force in 2013 - was arrested at Sydney airport on Tuesday and will face court over five counts of the war crime of murder. He will spend the night in a cell, before a bail hearing on Wednesday. A defamation judgement in 2023 found the former corporal in Australia's Special Air Service Regiment (SAS) had killed several unarmed Afghans. The 47-year-old Victoria Cross recipient denies all wrongdoing, and has previously said the allegations against him - which have not yet been assessed at a criminal standard - were "egregious" and "spiteful". The civil trial was the first time in history any court has examined claims of war crimes by Australian forces. Roberts-Smith argued the alleged killings occurred legally during combat or did not happen at all, and last year lost an appeal against the Federal Court finding.
(BBC Web page : 07.04.2026 Ali Ahmed)

## INDIA'S TOP COURT HEARS CHALLENGES TO RULING ON WOMEN'S ENTRY INTO TEMPLE

India's Supreme Court is hearing petitions challenging a landmark 2018 order that allowed women of menstruating age into the famed Sabarimala temple in southern Kerala state. The nine-judge constitutional bench, set up by Chief Justice Surya Kant, will also consider other similar cases from different faiths. So, the court's guidelines will also help decide whether women can be denied entry into Parsi temples and Muslim mosques, whether religious leaders can excommunicate people and the legality of female genital mutilation. Legal experts say the court's decision will have far-reaching consequences for women's religious freedoms and right to enter places of worship. The petitions challenge the landmark 2018 Supreme Court judgment which struck down the ban on women of menstruating age from

entering Sabarimala. Hinduism bars menstruating women from participating in religious rituals, regarding them as unclean. Many temples deny women entry during their periods and several devout women voluntarily stay away, but Sabarimala prohibits entry of all women between the ages of 10 and 50. (BBC Web page : 07.04.2026 Ali Ahmed)

**AIR INDIA CEO STEPS DOWN EARLY AS LOSSES MOUNT**

Air India's chief executive officer Campbell Wilson has resigned as the airline deals with challenges, including financial losses and the aftermath of a deadly crash last year that killed 260 people. Wilson, whose term was set to end in 2027, will stay in the role until a successor is appointed, Air India said. A former Singapore Airlines executive, Wilson was brought in to lead a turnaround after Tata Group bought Air India from the Indian government in 2022 following years of losses. During his tenure, Air India began refurbishing aircraft and restructuring operations but also struggled with safety concerns and operational challenges. Air India board has formed a committee that will find Wilson's successor in the coming months. The airline said that Wilson told Air India Chairman N Chandrasekaran in 2024 that he wanted to step down in 2026 and that he had been working to ensure the organisation was "on a stable footing for the transition". "The time is right for me to hand over the reins for the next phase of Air India's rise," said Wilson. (BBC Web page : 07.04.2026 Ali Ahmed)

**VIETNAM'S LEADER TO LAM STRENGTHENS POWER IN UNANIMOUS ASSEMBLY VOTE**

Vietnam's communist-dominated general assembly has elected To Lam, the party leader, to be the country's president and head of state, an unusual concentration of power in one person. He was elected unanimously by the 500 seat assembly which started sitting on Monday, following the Communist Party Congress in January, which makes all the big decisions about the country's future direction. This makes To Lam the most powerful leader in Vietnam in recent decades. To Lam rose over the last decade by serving as the powerful Minister for Public Security, enforcing a nationwide anti-corruption drive which saw many of his potential rivals disgraced and purged. In 2024, he took over the jobs of both general secretary of the communist party and president temporarily, after the resignation of then-president Vo Van Thuong and the death of party boss Nguyen Phu Trong.
(BBC Web page : 07.04.2026 Ali Ahmed)

**TAIWAN OPPOSITION LEADER VISITS CHINA FOR EXPECTED MEETING WITH XI JINPING**

The leader of Taiwan's main opposition party has arrived in China and is expected to meet President Xi Jinping, in a closely-watched visit. Cheng Li-wun, who took over as Kuomintang (KMT) chairperson last year, said she "gladly accepted" President Xi Jinping's invitation to visit and hopes to be a "bridge for peace". She is expected to meet Xi later in her six-day trip which will span Shanghai, Nanjing and Beijing. Cheng is the KMT's first incumbent chief to visit China in a decade. Beijing cut off some communications with Taiwan after the Democratic Progressive Party's (DPP) Tsai Ing-wen became president in May 2016, citing Tsai's refusal to endorse the concept of a single Chinese nation. China sees self-governed Taiwan as a breakaway province that will eventually be part of the country, and has not ruled out the use of force to achieve this. Many in Taiwan consider themselves to be a sovereign nation. At the same time, most favour "the status quo", meaning they do not want to formally declare independence nor unification with China. (BBC Web page : 07.04.2026 Ali Ahmed)

**WHO SUSPENDS GAZA MEDICAL EVACUATIONS AFTER CONTRACTOR KILLED BY ISRAELI TROOPS**

The World Health Organization has suspended medical evacuations from Gaza to Egypt via the Rafah crossing after a contractor was killed by Israeli troops on Monday. WHO chief Tedros Adhanom Ghebreyesus said the contractor – named locally as Majdi Aslan, 54 – was killed in a "security incident" and that two staff were present but not injured. He gave no further details. Gaza's Hamas-run health ministry said the contractor was driving a WHO-rented vehicle in southern Gaza when it was targeted by Israeli forces. Israel's military said its troops "identified an unmarked vehicle approaching them and the Yellow Line, posing an immediate threat", referring to the line marking Israeli-held territory. "In response, the troops fired warning shots. The vehicle continued to accelerate toward the troops, who then responded with additional fire that hit the vehicle," it added. "The incident is under review." Tedros said the WHO had suspended medical evacuations of sick and wounded

Palestinians from Gaza via Rafah to Egypt until further notice. "We call for the protection of civilians and humanitarian workers," he added. (BBC Web page : 07.04.2026 Ali Ahmed)

**TRUMP THREATENS TO TAKE OUT IRAN IN 'ONE NIGHT' IF NO DEAL BEFORE DEADLINE**

US President Donald Trump has threatened to take out Iran "in one night" if it fails to make a deal before the deadline he set for Tehran to reopen the Strait of Hormuz, a critical global supply route. Trump's deadline for an "acceptable" deal - one that includes the free flow of energy through the Gulf - is set for 20:00 Washington DC time on Tuesday (00:00 GMT on Wednesday). Trump said at a White House news conference that he believed "reasonable" leaders in Iran were negotiating in "good faith", but the outcome remained uncertain. Iran has rejected proposals for a temporary ceasefire, instead calling for a permanent end to the conflict and the lifting of sanctions. Trump's news conference - alongside Gen Dan Caine, the chairman of the Joint Chiefs of Staff, and Defence Secretary Pete Hegseth - comes days after US forces successfully recovered two crew members of an F-15 fighter jet that was downed in southern Iran. Although much of Trump's remarks highlighted what the president described as the "heroic" rescue of the crew, Trump once again repeated his warning that the US could launch attacks on Iran's energy and transportation infrastructure if the Strait of Hormuz were not reopened by Tuesday's deadline. "The entire country can be taken out in one night – and that night might be tomorrow night," he said on Monday.
(BBC Web page : 07.04.2026 Ali Ahmed)

**:: THE END ::**